গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা
www.munshiganj.gov.bd


স্মারক নং- ০৫.৩০.৫৯০০.২০৪.১১.০০১.১৯.৫৯ (৮০)

তারিখ: ১৯ মাঘ ১৪২৮ / ০২ ফেব্রুয়ারি ২০২২

"নোটিশ"

আগামী ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখ সকাল ১০:০০ টায় জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ এঁর সভাপতিত্বে অনলাইন ZOOM অ্যাপ্লিকেশনের মাধ্যমে (আইডি নম্বর: 6022383768 এবং পাসওয়ার্ড 1234) অনুষ্ঠিত হবে। ZOOM এর সভা শুরুর ১০ মিনিট পূর্বে ভিডিও কনফারেন্সে সংযুক্ত হতে হবে।

তাঁর দপ্তর/বিভাগের উন্নয়ন কার্যক্রমের তথ্যাবলী আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ দুপুর ০৩:০০ টার মধ্যে gsdcmunshi@gmail.com ই-মেইল অথবা সরাসরি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিগত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে গৃহীত পদক্ষেপ ও অগ্রগতি পর্যালোচনা।
৩। বিভিন্ন দপ্তর/বিভাগের সার্বিক উন্নয়নমূলক কাজের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪। বিবিধ।


মোঃ আশরাফুল কবীর
সহকারী কমিশনার
সাধারণ শাখা
ফোনঃ ৯৯৭৭৩১৪০৯
e-mail: gsdcmunshi@gmail.com


..........................................................

..........................................................

.......................................................... মুন্সীগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা
www.munshiganj.gov.bd

ডিসেম্বর ২০২১ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কাজী নাহিদ রসুল<br>জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ |
| সভার তারিখ | : | ১৬ জানুয়ারি ২০২২ |
| সময় | : | সকাল ১০:০০ টা |
| স্থান | : | জুম অনলাইন প্লাটফর্ম (আইডি ৬০২২৩৮৩৭৬৮) |

সভাপতি জুম অনলাইন প্লাটফর্মে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সেটি অনুমোদিত হয়। অতঃপর সভায় বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগ ভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | জেলা পরিষদ, মুন্সীগঞ্জ: প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ সভায় জানান, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ কর্তৃক ২০২১-২২ অর্থ বছরে রাজস্ব তহবিল হতে মোট ১৩৮ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রাক্কলিত মূল্য ধরা হয়েছে ৫,২৪,৭৫,০০০/- টাকা। ৩৩ টি প্রকল্প টেন্ডার এবং ১০৫ টি প্রকল্প CPPC এর মাধ্যমে বাস্তবায়নাধীন। এডিপি (সাঃ) খাতে ৩,৫০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে যার দ্বারা মোট প্রকল্প ৯১ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ২৬ টি প্রকল্প টেন্ডার এবং ৬৫ টি প্রকল্প CPPC এর মাধ্যমে বাস্তবায়নাধীন। এডিপি (বিশেষ) এর আওতায় ৩ টি প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন করা হয়েছে। করোনাকালীন সরকারের পক্ষ হতে ৬২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং প্রাপ্ত বরাদ্দের টাকার মাধ্যমে দুঃস্থ পরিবারকে ২২ লক্ষ টাকার সুরক্ষা সামগ্রী ৪০ লক্ষ টাকার ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে। প্রকল্পের বিস্তারিত তথ্যাদি নিম্নরূপঃ | ১। কাজের গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে চলমান প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে।<br><br>২। গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি এলাকা ভিত্তিক/উপজেলা ভিত্তিক জেলা পরিষদ, মুন্সীগঞ্জ এর ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ |

২০২১-২২ অর্থ বছরে জেলা পরিষদ, মুন্সীগঞ্জ কর্তৃক গৃহীত উন্নয়নমূলক প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণঃ

| ক্রঃ নং | খাত | বাস্তবায়ন পদ্ধতি | প্রকল্প সংখ্যা | প্রাক্কলিত মূল্য | চুক্তি মূল্য | ব্যয়িত টাকার পরিমাণ | অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | রাজস্ব তহবিল | টেন্ডার | ৩৩টি | ৩,৪১,৫৫,০০০/- | টেন্ডার প্রক্রিয়াধীন | টেন্ডার প্রক্রিয়াধীন | -- |
| | | পিআইসি/সিপিপিসি | ১০৫ টি | ১,৮৩,২০,০০০/- | -- | -- | ২৫% |
| | | মোট= | ১৩৮ | ৫,২৪,৭৫,০০০/ | -- | -- | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | - | | | |
| ২ | এডিপি (সাঃ) | টেন্ডার | ২৬ টি | ২,৩৬,৮৪,০০০/- | -- | -- | -- |
| | | পিআইসি/সিপিপিসি | ৬৫ টি | ১,১৩,১৬,০০০/- | -- | -- | ২৫% |
| | | মোট= | ৯১ টি | ৩,৫০,০০,০০০/- | -- | -- | |
| ৩ | এডিপি বিশেষ | | ৩ টি | ৬২,০০,০০০/- | ৬১,৯৯,৮৮৫.৯৯/- | ২১,৯৯,৯৪৯/- | ১০০ % |
| | | সর্বমোট= | ২৩২ টি | ৯,৩৬,৭৫,০০০/- | ৬১,৯৯,৮৮৫.৯৯/- | ২১,৯৯,৯৪৯/- | |

২০২০-২০২১ অর্থ বছরে উন্নয়নমূলক মোট প্রকল্প সংখ্যা ২৯২টি, প্রাক্কলিত মূল্য ধরা হয়েছে ১৫,৯২,০৩,৯৭৫/- টাকা। রাজস্ব খাতে ৫৮ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৩৫ টি প্রকল্পের কাজ সমাপ্ত এবং অবশিষ্ট প্রকল্পের কাজ চলমান। ১৩৮টি প্রকল্প CPPC এর মাধ্যমে বাস্তবায়নাধীন। তন্মধ্যে ১০টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ১২৮ টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এডিপি (সাঃ) এর আওতায় ৯৩ টি প্রকল্প গ্রহণ হয়েছে এবং এডিপি (বিশেষ) এর আওতায় ৩ টি প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের বিস্তারিত তথ্যাদি নিম্নরুপঃ

২০২০-২১ অর্থ বছরে জেলা পরিষদ, মুন্সীগঞ্জ কর্তৃক গৃহীত উন্নয়নমূলক প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণঃ

| ক্রঃ নং | খাত | বাস্তবায়ন পদ্ধতি | প্রকল্প সংখ্যা | প্রাক্কলিত মূল্য | চুক্তি মূল্য | ব্যয়িত টাকার পরিমাণ | অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | রাজস্ব তহবিল | টেন্ডার | ৫৮ টি | ৯,৪৮,৭০,০০০/- | ৫,০৫,৩৮,৯৩১/- | ১,৭০,৫৫,৩০০/- | ৮০ % |
| | | সিপিপিসি | ১৩৮টি | ২,৬১,৩৩,৯৭৫/- | ২,৬১,৩৩,৯৭৫/- | ১,০১,২০,৭০০/- | ৫৫ % |
| | | মোট= | ১৯৬ টি | ১২,১০,০৩,৯৭৫/- | ৭,৬৬,৭২,৯০৬/- | ২,৭১,৭৬,০০০/- | -- |
| | এডিপি (সাঃ) | টেন্ডার | ২৭ টি | ২,০৪,৩৪,০০০/- | ১,১৫,১৬,৬১৩/- | -- | ৫৫ % |
| | | সিপিপিসি | ৬৬ টি | ১,১০,৬৬,০০০/- | ১,১০,৬৬,০০০/- | -- | ৬৫ % |
| | | মোট= | ৯৩ টি | ৩,১৫,০০,০০০/- | ২,২৫,৮২,৬১৩/- | -- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩ | ভর্তুকি বিশেষ | | ৩ টি | ৬৭,০০,০০০/- | ৬৭,০০,০০০/-- | ৬৭,০০,০০০/- | ১০০ % |
| | | সর্বমোট= | ২৯২ টি | ১৫,৯২,০৩,৯৭৫/- | ১০,৫৯,৫৫,৫১৯/- | ৩,৩৮,৭৬,০০০- | |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি এলাকা ভিত্তিক/উপজেলা ভিত্তিক জেলা পরিষদ, মুন্সীগঞ্জ এর ওয়েবসাইটে প্রকাশ করা জন্য অনুরোধ জানান। | | |
| ০২ | উপ-পরিচালক, স্থানীয় সরকার: উপ-পরিচালক, স্থানীয় সরকার জানান, ২০২১-২২ অর্থ বছরে কোন বরাদ্দ পাওয়া যায়নি। ২০২০-২১ অর্থ বছরের এলজিএসপি-৩ এর আওতায় ৯,১০,৬৫,৯১৯/- টাকা বরাদ্দ পাওয়া যায়। ৪২৪ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ২৭১ টি প্রকল্প বাস্তবায়িত হয়েছে। ১১৩ টি প্রকল্পের কাজ চলমান এবং ৪০ টি প্রকল্প অবাস্তবায়িত রয়েছে। চলতি মাসে ৩৮ টি স্কিমের বিল প্রদান করা হয়েছে যার মোট বরাদ্দ ছিল ৭৮,৫২,১৯৬/- টাকা। ইউজিডিপি এর আওতায় ২০২০-২১ অর্থ বছরে সিরাজদিখান, গজারিয়া ও শ্রীনগর উপজেলায় ৬ টি করে মোট ১৮ টি প্রশিক্ষণ কার্যক্রমের প্রস্তাব পাওয়া গেছে, প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে যা অনুমোদনের জন্য অপেক্ষমান। ২০২০-২১ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২,৬০,০০,০০০ টাকা বরাদ্দ পাওয়া গেছে, গৃহীত প্রকল্প সংখ্যা ০৫টি। ইউআইসিডিপি প্রকল্পের আওতায় ০৬ টি উপজেলায় বার্ষিক পরিকল্পনা প্রস্তুত করার কার্যক্রম চলমান রয়েছে। এর মধ্যে ০৪টি উপজেলা বার্ষিক পরিকল্পনা কার্যক্রম সম্পন্ন করেছে এবং বাকী ০২ টি উপজেলার কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি এলাকা ভিত্তিক/উপজেলা ভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ জানান। | ১। উপজেলা, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার উন্নয়নমূলক কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।<br><br>২। স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি এলাকা ভিত্তিক/উপজেলা ভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ০৩ | মুন্সীগঞ্জ পৌরসভাঃ মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা এর প্রতিনিধি জানান, মুন্সীগঞ্জ পৌরসভার ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি, বিশেষ বরাদ্দ ও রাজস্ব তহবিলের আওতায় ৩২ টি প্রকল্প কাজের টেন্ডার আহবান করা হয়েছে, যার প্রাক্কলিত মূল্য ২,১১,০৪,৫৮০/- টাকা। ৩২ টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২০ টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট প্রকল্পসমূহের কাজ চলমান আছে। গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (ফেজ-২) এর আওতায় ১০টি প্যাকেজের মোট প্রাক্কলিত ব্যয় ৮,৩২,৯৫,০১৩/- টাকা। উক্ত দরপত্র সমূহের কার্যাদেশ প্রদান করা হয়েছে। প্রকল্পের অগ্রগতির হার ৮৫%। এছাড়াও তিনি জানান, গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে ১,৫০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। যার মাধ্যমে ১১২ টি সোলার প্যানেল তৈরির কাজ করা হবে। ইতোমধ্যে ২৮ টি সোলার প্যানেল তৈরির কাজ সম্পন্ন করা হয়েছে। সভাপতি গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি এলাকা ভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ জানান। | ১। গুণগতমান রজায় রেখে সঠিক সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে।<br><br>২। মুন্সীগঞ্জ পৌরসভা কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি এলাকা ভিত্তিক ভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ১। উপপরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ<br><br>২। মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা |
| ০৪ | মিরকাদিম পৌরসভাঃ মেয়র, মিরকাদিম পৌরসভা এর প্রতিনিধি জানান, মিরকাদিম পৌরসভা কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে উন্নয়ন সহায়তা তহবিল হতে ১ম ও ২য় কিস্তির অর্থ বরাদ্দ পাওয়া গেছে। ওয়ার্ড ভিত্তিক তালিকা অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করা হচ্ছে। নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ০৯ (নয়) টি স্কীমের কার্যাদেশ প্রদান করা হয়েছে। যার সর্বমোট চুক্তিমূল্য ৫,৬৮,৪১,৩০৫/- (পাঁচ কোটি আটষট্টি লক্ষ একচল্লিশ | ১। উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজের গুণগত মান ঠিক রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>২। মিরকাদিম পৌরসভার | ১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ<br><br>২। মেয়র, |

| | | | |
|---|---|---|---|
| | হাজার তিনশত পাঁচ) টাকা। এর মধ্যে ০৬টি কাজের অগ্রগতি ৯০%। এছাড়া উক্ত প্রকল্পের ০৩ (তিন) টি স্কিমের কাজের অগ্রগতি ২০%। "গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন" শীর্ষক প্রকল্প হতে ১১ (এগার) টি স্কীম গ্রহণ করা হয়েছে, যার সর্বমোট প্রাক্কলিত মূল্য ১৩,৮৫,০৪,৭১৯/- (তের কোটি পঁচাশি লক্ষ চার হাজার সাতশত উনিশ) টাকা। যার মধ্যে ০৪ (চার) টি স্কীমের অগ্রগতি ১০০%। অবশিষ্ট ০৭ (সাত) টি স্কীমের অগ্রগতি ৮০%। সভাপতি গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি এলাকা ভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ জানান। | গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি এলাকা ভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ |
| ০৫ | স্বাস্থ্য বিভাগঃ সিভিল সার্জন, মুন্সীগঞ্জ জানান, ডিসেম্বর ২০২১ মাসে কমিউনিটি ক্লিনিকে সর্বমোট সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ১,০২,৪৮৮ জন। হাসপাতালের শয্যা সংখ্যা ৩৫০ টি, ইনডোরে ভর্তিকৃত সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ৩০৬২ জন। জেনারেল হাসপাতালে বেড অকুপেন্সির হার ৮৭%। মোট চালুকৃত কমিউনিটি ক্লিনিক ১১৭ টি। গর্ভকালীন সেবা প্রাপ্ত মহিলার সংখ্যা ৩৫৩১ জন। প্রসবোত্তর সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা ২৫৯৮ জন। প্রতিষ্ঠানে স্বাভাবিক প্রসব ১২৭৯ জন। প্রতিষ্ঠানে সিজারিয়ান অপারেশন ১৩২৮ জন। কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসব ৪৫১ জন। প্রতিষ্ঠানে সিজারিয়ান অপারেশন ১৭৩০ জন। মাতৃ মৃত্যু ২ জন, শিশু মৃত্যু ১৮ জন।। এছাড়াও তিনি জানান, করোনার ভ্যাক্সিনেশন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ইতোমধ্যে মুন্সীগঞ্জ জেলার ৪২% জনগোষ্ঠীর ভ্যাকসিন প্রদান করা হয়েছে এবং জেলা শিক্ষা অফিসারের সহযোগিতায় ১৫ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত এ জেলার ১২-১৮ বছরের সকল শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান করা হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া বলেন, গজারিয়া উপজেলায় কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম তিনি সহ সিভিল সার্জন, মুন্সীগঞ্জকে ভিজিট করার অনুরোধ জানান। সভাপতি ভ্যাকসিন প্রদানে আগ্রহ সৃষ্টির জন্য উপজেলা নির্বাহী অফিসারদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ করেন। এছাড়াও তিনি ওয়েবসাইট হালনাগাদ করাসহ প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানান। | ১। কমিউনিটি ক্লিনিকগুলোতে সেবার মান বাড়াতে উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ নিয়মিত পরিদর্শন করবেন।<br>২। ভ্যাক্সিনেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।<br>৩। ওয়েবসাইট হালনাগাদ করাসহ প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ১। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), মুন্সীগঞ্জ |
| ০৬ | পরিবার-পরিকল্পনা অধিদপ্তরঃ উপ-পরিচালক, পরিবার-পরিকল্পনা অধিদপ্তর, মুন্সীগঞ্জ সভায় জানান, বিবেচ্য মাসে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন অত্র জেলার ৫৫ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মধ্যে বর্তমানে ৩৭ টি কেন্দ্রে ২৪ ঘন্টা স্বাভাবিক প্রসব সেবা কার্যক্রম চালু আছে। মা ও শিশু কল্যাণ কেন্দ্র ও অন্যান্য উপজেলার সদর ক্লিনিক সহ সকল কেন্দ্রে ডিসেম্বর/২০২১ মাসে ১১০২ জনকে প্রসব সেবা প্রদান করা হয়েছে। তন্মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত কর্মী দ্বারা ১৫৫ জন, স্বাভাবিক/ হাসপাতাল ২৭৭ জন ও সিজারিয়ান ৬৭০ জন মোট ১১০২ জন জীবিত শিশু জন্মগ্রহণ করেছে। মুন্সীগঞ্জ জেলার ডিসেম্বর/২০২১ মাসে স্থায়ী পদ্ধতি পুরুষ-০১ জন, মহিলা-৬৭ জন, আইইউডি-২০১ জন, ইমপ্ল্যান্ট-৩২৮ জন, গর্ভবতী পরিচর্যা -২৭৪৫ জন, প্রসবোত্তর সেবা-১১৯৩ জন ও শিশু সেবা-(০-৫) বছর পর্যন্ত ২১৫৮১ জনকে সেবা প্রদান করা হয়েছে। করোনাকালে স্বাস্থ্যসেবা যাতে বিঘ্নিত না হয় সে বিষয়ে লক্ষ্য রাখা হচ্ছে। সভাপতি ওয়েবসাইট হালনাগাদ করাসহ প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ করেন। এছাড়াও উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং উপজেলা নির্বাহী অফিসারবৃন্দকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলো নিয়মিত তদারকি ও পরিদর্শন করার অনুরোধ জানান। | ১। মা ও শিশু মৃত্যু হার কমাতে প্রয়োজনীয় সেবা প্রদান নিশ্চিত করতে হবে।<br>২। সেবা সর্ম্পকিত তথ্যাদির তুলনামূলক পরিসংখ্যান প্রেরণ করতে হবে।<br>৩। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এবং উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলো নিয়মিত তদারকি ও পরিদর্শন করবেন।<br>৪। ওয়েবসাইট হালনাগাদ করাসহ প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইটে আপলোড করতে হবে। | ১। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>৩। উপ-পরিচালক, পরিবার-পরিকল্পনা অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ০৭ | ঔষধ প্রশাসন অধিদপ্তর, মুন্সীগঞ্জঃ সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর জানান, ডিসেম্বর ২০২১ মাসে ৩১ টি ড্রাগ লাইসেন্স নবায়ন করা হয়েছে। | ১। মেয়াদ উত্তীর্ণ ঔষধ, নকল ও মিস ব্র্যান্ডেড ঔষধ | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা |

| | | | |
|---|---|---|---|
| | সর্বমোট ৯১,২৫০/- টাকা রাজস্ব আদায় করা হয়েছে। ১০১ টি ঔষধের দোকান পরিদর্শন করা হয়েছে। ঔষধ আইন ১৯৪০ লঙ্ঘন করায় ০৮ টি ফার্মেসির মালিকের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে মোট ৩৪,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও ০৩ টি ঔষধের নমুনা পরীক্ষার জন্য ড্রাগ টেস্টিং ল্যাবরেটরিতে প্রেরণ করা হয়েছে। এছাড়াও ০১টি ঔষধের নমুনা মিনি ল্যাবে টেস্ট করা হয়েছে। সভাপতি মেয়াদ উত্তীর্ণ ঔষধ, নকল ও মিস ব্র্যান্ডেড ঔষধ বিক্রেতাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | বিক্রেতাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ<br>২। সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ০৮ | জেলা নির্বাচন অফিস, মুন্সীগঞ্জঃ জেলা নির্বাচন অফিসার জানান, গত ২৮ নভেম্বর ২০২১খ্রি. মুন্সীগঞ্জ জেলায় ৩য় ধাপে মুন্সীগঞ্জ সদর উপজেলার ০৯টি ইউনিয়ন এবং টংগিবাড়ী উপজেলার ১২ টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন-২০২১ সম্পন্ন হয়েছে। নির্বাচিত প্রার্থীদের গেজেট প্রকাশের জন্য নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা প্রেরণ করা হয়েছে। গত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখ ৪র্থ ধাপে অনুষ্ঠিত সিরাজদিখান উপজেলার ১৪ টি ইউনিয়ন এবং লৌহজং উপজেলার ০৯ টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন-২০২১ এ নির্বাচিত প্রার্থীগণের নাম, ঠিকানা ও তথ্যাদি গেজেটে প্রকাশের জন্য নির্বাচন কমিশন, ঢাকায় প্রেরণ করা হয়েছে। ০৫ জানুয়ারি ২০২২ তারিখ ৫ম ধাপে গজারিয়া উপজেলার ০৭টি ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন এ নির্বাচিত প্রার্থীগণের নাম, ঠিকানা ও তথ্যাদি গেজেটে প্রকাশের জন্য নির্বাচন কমিশন, ঢাকায় প্রেরণ করা হবে। এছাড়া অফিসের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। সভাপতি জাতীয় পরিচয়পত্র সংশোধনসহ অন্যান্য সেবাসমূহ হয়রানি মুক্তভাবে প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ জানান। | ১। জাতীয় পরিচয়পত্র সংশোধনসহ অন্যান্য সেবাসমূহ হয়রানি মুক্তভাবে প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ |
| ০৯ | কৃষি বিভাগঃ উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর প্রতিনিধি জানান, এ পর্যন্ত সারের মজুদ ইউরিয়া ১৫৭০, মেঃটন, টিএসপি ২১৮ মেঃটন, ডিএপি ১৬০৫ মেঃটন ও এমওপি ৩৫৪ মেঃটন। রবি/২০২১-২২ সনে আবাদি জমির লক্ষ্যমাত্রা আলু ৩৭৯০০ হেক্টর, অর্জিত ৩৪,৭৯৬ হেক্টর, বোরো ২৪০৫০ হেক্টর, অর্জিত ৬১৮৫ হেক্টর, গম ১০০ হেক্টর, অর্জিত ৪৪ হেক্টর, সরিষা ৩২০০ হেক্টর, অর্জিত ৩০৪৯ হেক্টর, শাক সবজি ৪৩৩০ হেক্টর, অর্জিত ৪০৭৬ হেক্টর। ঘূর্ণিঝড় জাওয়াদের প্রভাবে ১১,৬৬৬ হেঃ আলুর জমি পুরোপুরি নষ্ট হয়ে গেছে। ২০২১-২২ অর্থ বছরে আলু ফসলের লক্ষ্যমাত্রা ছিল ৩৭,৯০০ হেঃ যা এ বছর অর্জিত না হওয়া এবং বর্তমানে রোপনকৃত আলু বীজের মান কিছুটা নিম্ন হওয়ায় মোট ফলন কম হওয়ার সম্ভাবনা রয়েছে। সভাপতি কৃষি প্রণোদনা প্রদানের ক্ষেত্রে কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর, আইডি কার্ডসহ প্রণোদনার টাকার পরিমাণ ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানান। এছাড়াও কৃষক যাতে সঠিক সময়ে সার পেতে পারে এবং ডিলারগণ কারসাজির মাধ্যমে সারের সংকট তৈরি করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। কৃষি প্রণোদনা ও সরকার কর্তৃক ৪% সুদে কৃষি ঋণ কৃষকরা যাতে অতি সহজে পায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। কৃষি প্রণোদনা প্রদানের ক্ষেত্রে কৃষকের নাম, ঠিকানা, মোবাইল নম্বর, আইডি কার্ডসহ প্রণোদনার টাকার পরিমাণ ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br>৩। সারের সরবরাহ স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ১০ | বিএডিসি (বীজ): সিনিয়র সহকারী পরিচালক (বীজ), সভায় জানান, ২০২১-২২ বর্ষে মুন্সীগঞ্জ জেলায় বিএডিসি কর্তৃক বিভিন্ন বীজের বিপণন কার্যক্রম চলমান রয়েছে। রবি মৌসুমে মুন্সীগঞ্জ জেলার বিপরীতে ১.৭ কেজি হাইব্রিড টমেটো বীজ, ১৭ কেজি হাইব্রিড বেগুন বীজ ১০.৫ কেজি হাইব্রিড মিষ্টিকুমড়া বীজ (মোট হাইব্রিড বীজ-২৯.২ কেজি) এবং বিভিন্ন জাতের মান, প্রত্যায়িত ও ভিত্তি সবজি বীজ ১১০৯.৬ কেজি এবং ৩৩০০ মে. টন সরিষা বীজ বরাদ্দ হয়েছে ও বিক্রয়ের কাজ চলমান। সভাপতি আলু বীজের ঘাটতি আছে কিনা সে বিষয়ে জানতে চাওয়ার প্রেক্ষিতে সিনিয়র সহকারী পরিচালক (বীজ) জানান, এ জেলায় | ১। গুণগত মানের বীজ কৃষকদের মাঝে বিতরণ/বাজারজাত করতে হবে। | ১। সিনিয়র সহকারী পরিচালক (বীজ), মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | ২৯০ মে: টন আলু বীজ মজুদ রয়েছে, বীজের ঘাটতি নেই। সভাপতি চাহিদা অনুযায়ী বীজ সরবরাহের অনুরোধ জানান। | | |
| ১১ | বিএডিসি (ক্ষুদ্র সেচ): সহকারী প্রকৌশলী জানান, ২০২১-২২ অর্থ বছরে অত্র জেলায় খাল পুনঃখনন ২ ও ৫ কিউসেক লো লিফট পাম্প ও ভূ-গর্ভস্থ সেচ নালা নির্মাণ, ইরিগেশন/ওয়াটার পাসিং স্ট্রাকচার নির্মাণ কাজের নিমিত্তে প্রকল্পের দরপত্র আহ্বান ঢাকা হতে ইজিপি'র মাধ্যমে করা হচ্ছে। সভাপতি প্রকল্প নেয়ার পূর্বে এবং খাল খনন করার সময় সংশ্লিষ্ট এলাকার/উপজেলার জনপ্রতিনিধি, কৃষি বিভাগ ও উপজেলা নির্বাহী অফিসারসহ অন্যান্যদের সাথে পরামর্শ করে গুণগতমান বজায় রেখে প্রকল্প বাস্তবায়ন করার অনুরোধ জানান। | ১। প্রকল্প নেয়ার পূর্বে এবং খাল খনন করার সময় সংশ্লিষ্ট এলাকার/উপজেলার জনপ্রতিনিধি, কৃষি বিভাগ ও উপজেলা নির্বাহী অফিসারসহ অন্যান্যদের সাথে পরামর্শ করে গুণগতমান বজায় রেখে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), মুন্সীগঞ্জ |
| ১২ | মৎস্য বিভাগঃ জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ জানান, ডিসেম্বর ২০২১ মাসে মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ এর আওতায় ০৭টি অভিযান পরিচালনা করা হয় এবং ১৪,৯০,০০০ মিটার কারেন্ট জাল জব্দ এবং পুড়িয়ে ধ্বংস করা হয়। সদর উপজেলায় বিভিন্ন কারেন্ট জাল তৈরির কারখানায় ৯ টি অভিযানে ৯,১০,০০০ মিটার কারেন্ট জাল জব্দ করা হয়। মৎস্য চাষ ব্যবস্থাপনা উন্নয়নে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান অনুষ্ঠান সংখ্যা ১৩০ টি। জাটকা সংরক্ষণ কার্যক্রম ২০২১-২২ এর আওতায় ডিসেম্বর/২০২১ মাসে ০১টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ২,৫০,০০০ মিটার কারেন্ট জাল জব্দ ও পুড়িয়ে ধ্বংস করা হয়। এছাড়াও ১.৩৪ মে. টন জাটকা মাছ জব্দ করে এতিম খানায় বিতরণ করা হয়। সভাপতি জাটকা সংরক্ষণ অভিযান সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করা এবং কারেন্ট জালের উৎপাদন বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১। নির্বিচারে পোনা মাছ ও প্রজননক্ষম মাছ নিধন, কারেন্ট জালের বিস্তার রোধে মৎস্য আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>২। জাটকা সংরক্ষণ অভিযান সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করা এবং কারেন্ট জালের উৎপাদন বন্ধ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১। জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ১৩ | প্রাণিসম্পদ বিভাগঃ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, ডিসেম্বর ২০২১ মাসে জেলায় গবাদি পশুর টিকা প্রদান ১৮৮৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ২৪৩৬০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা ৮৬৭৭ টি এবং হাঁস-মুরগীর চিকিৎসা ১৭৬৮৯১ টি সফলভাবে সম্পন্ন করা হয়েছে। দুধ উৎপাদন ০.২০৫ লক্ষ মেঃ টন, মাংস উৎপাদন ০.০৮৯ লক্ষ মেঃ টন, ডিম উৎপাদন ২.০৫৯ কোটি। গবাদি পশু ও হাঁস-মুরগীর টিকা ও চিকিৎসা প্রদান কার্যক্রম চলমান। জেলায় কোন তড়কা রোগের প্রাদুর্ভাব লক্ষ্য করা যায়নি। সভাপতি কসাইখানাসমূহ পরিদর্শন করে স্বাস্থ্যসম্মত পরিবেশে মাংস বাজারজাতকরণ নিশ্চিত করার অনুরোধ জানান। | ১। গবাদি পশু ও হাঁস-মুরগীর খামার নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>২। কসাইখানা সমূহ পরিদর্শন করে স্বাস্থ্যসম্মত পরিবেশে মাংস বাজারজাতকরণ নিশ্চিত করতে হবে। | ১। জেলা প্রাণি- সম্পদ কর্মকর্তা, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ১৪ | খাদ্য বিভাগঃ জেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, এলএসডি ভিত্তিক খাদ্য শস্যের মজুদ যথাক্রমে ৭৭০৬.৯৫২ মে.টন, চাল ও ১০১৫.৭৫৯ মে. টন, গম, ধান ৫৫.০০০ মে. টন। ২০২১-২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা: চাল ২৪৬১ মে. টন, অর্জিত ১৫৫৭.২৪০ মে. টন, লক্ষ্যমাত্রা: ধান ৫৫ মে. টন, অর্জিত: ধান ৫৫ মে. টন। খাদ্য বান্ধব কর্মসূচিতে মোট নিয়োগকৃত ডিলার সংখ্যা ৯৭ জন। ওএমএস খাতে আটা বিক্রয় নিয়োগকৃত ডিলার সংখ্যা ২০, প্রতি কেজি আটার মূল্য ১৮ টাকা এবং সর্বমোট বিক্রিত আটার পরিমাণ ১৫০০.২৩০ মে.টন। সভাপতি ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ এবং ধান ও চাল বিক্রি করার ক্ষেত্রে কৃষকরা যাতে কোন প্রকার হয়রানির শিকার না হয় সে দিকে লক্ষ্য রাখার অনুরোধ জানান। | ১। ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>২। ধান ও চাল বিক্রি করার ক্ষেত্রে কৃষকরা যাতে কোন প্রকার হয়রানির শিকার না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরঃ সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ বলেন, বিবেচ্য মাসে বাজার তদারকিমূলক কর্মসূচি অনুযায়ী এ জেলায় সর্বমোট ১১ টি বাজার তদারকিমূলক কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্বলিত স্টিকার ও লিফলেট বিতরণ করা হয় এবং বাজার তদারকিমূলক কার্যক্রম পরিচালনাকালে বিভিন্ন ধারা লঙ্ঘনের অপরাধে ১৮টি প্রতিষ্ঠানকে মোট ৬৮,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সভাপতি বিভিন্ন দ্রব্যাদির বাজারমূল্য যেন যৌক্তিক পর্যায়ে থাকে সে বিষয়ে নিয়মিত বাজার তদারকি রাখার বিষয়ে গুরুত্বারোপ করেন। | ১। কোন যৌক্তিক কারণ ছাড়াই যাতে বাজারমূল্য বাড়ানো না হয় সে বিষয়ে নিয়মিত বাজার তদারকি করতে হবে।<br>২। উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে অভিযান পরিচালনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ১৬ | কৃষি বিপণন অধিদপ্তর: জেলা মার্কেটিং অফিসার, মুন্সীগঞ্জ জানান, নিয়মিত বাজার দর পরিদর্শন/মনিটরিং করা হচ্ছে। ডিসেম্বর ২০২১ মাসে লাইসেন্স নবায়ন/নতুন লাইসেন্স বাবদ ২২,৩০০/- টাকা রাজস্ব জমা প্রদান করা হয়েছে। সভাপতি বাজার মূল্যের প্রতিবেদন পাঠানোর পাশাপাশি বাজারমূল্য নির্ধারণের বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ এর মাধ্যমে নথি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | ১। জেলা মার্কেটিং অফিসার নিয়মিত বাজার মনিটরিং করবেন ও এ কার্যালয়ে প্রতিবেদন দাখিল করবেন। | জেলা মার্কেটিং অফিসার, মুন্সীগঞ্জ |
| ১৭ | গণপূর্ত বিভাগঃ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মুন্সীগঞ্জ জানান, মুন্সীগঞ্জ জেলা মডেল মসজিদ নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। সদর উপজেলা মডেল মসজিদ এর ২য় তলার ছাদ ঢালাইয়ের প্রস্তুতি চলমান। গজারিয়া ও লৌহজং উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। সিরাজদিখান উপজেলা মডেল মসজিদের ২য় তলার ছাদ ঢালাই প্রক্রিয়াধীন। টংগিবাড়ী উপজেলা মডেল মসজিদের ৩য় তলার ছাদ ঢালাই কাজের প্রস্তুতি চলমান। শ্রীনগর উপজেলা মডেল মসজিদ ১ম তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। শ্রীনগর উপজেলায় ট্রমা সেন্টার নির্মাণ কাজ শেষ হওয়ায় বুঝে নেয়ার জন্য প্রত্যাশী সংস্থাকে পত্র দেয়া হয়েছে। সভাপতি শ্রীনগর উপজেলায় ট্রমা সেন্টারটি দ্রুত হস্তান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগঞ্জ সদর মডেল মসজিদ নির্মাণের কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান। | ১। জেলা ও উপজেলার মডেল মসজিদ নির্মাণ কাজ দ্রুতগতিতে শেষ করতে হবে।<br>২। শ্রীনগর উপজেলায় ট্রমা সেন্টারটি দ্রুত হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। সিভিল সার্জন, মুন্সীগঞ্জ<br>২।নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মুন্সীগঞ্জ |
| ১৮ | সড়ক ও জনপথ বিভাগঃ নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মুন্সীগঞ্জ এর প্রতিনিধি জানান, ঢাকার কেরানীগঞ্জ থেকে মুন্সীগঞ্জের হাসাড়া পর্যন্ত জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ এর কাজ চলমান। "জরাজীর্ণ অপ্রশস্ত ও গুরুত্বপূর্ণ পয়েন্টে বিদ্যমান বেইলী সেতু এবং আরসিসি সেতু প্রতিস্থাপন (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্প (মুন্সীগঞ্জ অংশ) এর দরপত্র আহবান প্রক্রিয়াধীন। এছাড়াও তিনি জানান, মুন্সীগঞ্জ জেলায় ৫২টি বেইলী সেতু প্রতিস্থাপনের কাজ চলমান। সভাপতি কুন্ডেরবাজার ব্রীজ নির্মাণ কাজ দ্রুত শুরু করার অনুরোধ জানান। | ১। চলমান প্রকল্পসমূহের কাজ যথা সময়ে সম্পন্ন করতে হবে।<br>২। কুন্ডেরবাজার ব্রীজ নির্মাণে কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ২০ টি বিভিন্ন প্রকল্পের আওতায় ২৩৭ টি স্কীমের কাজ হাতে নেয়া হয়েছে, চলমান স্কীমের অনুকূলে ২৭৬১৬.২৯ লক্ষ টাকা, ২০২১-২২ অর্থ বৎসের ১২৪১.৫১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। চলমান কাজের অগ্রগতি ৩৬%। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ৬টি ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। ০১ টির কাজ চলমান। উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ সদর ও সিরাজদিখান উপজেলায় সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজ চলমান রয়েছে। ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্পের মধ্যে ১১ টি ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং ২ টির নির্মাণকাজ শেষ পর্যায়ে। "দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো" উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় সিরাজদিখান উপজেলাধীন চিত্রকোট ইউনিয়নের অন্তর্গত খাসশুর বাজারে মার্কেট ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য (আরডিপিপি'তে অন্তর্ভূক্ত) অনুমোদন পাওয়া যায়। উক্ত উপজেলায় খাসশুর বাজারে মার্কেট ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য জমি সংকুলান না হওয়ায় তিনি স্কীমটি বাতিলের জন্য প্রস্তাব করেন। দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ০৭ টি বাজার উন্নয়ন এর জন্য জেলা প্রশাসক কর্তৃক NOC প্রয়োজন। সভাপতি কাটাখালী খালের সৌন্দর্যবর্ধন প্রকল্পটির লে-আউট ফাইনাল করার কাজটি দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানান। | ১। এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন সকল কাজের মান ঠিক রেখে যথাসময়ে কাজ সমাপ্ত করতে হবে।<br>২। কাটাখালী খালের সৌন্দর্যবর্ধন প্রকল্পটির লে-আউট ফাইনাল করার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৩। চলমান প্রকল্পের কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে। | ১। উপ পরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ<br>২। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জঃ কার্যপত্র হতে জানা যায়, ২০২১-২২ অর্থ বছরে ১৮৭৬ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ পাওয়া গেছে, তন্মধ্যে ১৭৬৮টি দরপত্র আহ্বান করা হয়েছে। এছাড়া বিগত অর্থ বছরে বরাদ্দকৃত ৩৫৩৬ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০৬ টি সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ও ০২টি সৌর বিদ্যুৎ চালিত গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। আশ্রয়ণ প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ জেলার ০৬ উপজেলায় ৮২ টি গভীর নলকূপ স্থাপন কাজ চলমান। ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ পৌরসভায় ১টি পানি শোধানাগার নির্মাণ কাজ চলমান। সভাপতি কোন কোন স্থানে সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন করা হচ্ছে তার বিস্তারিত তালিকা প্রেরণের জন্য অনুরোধ জানান। | ১। নলকূপ স্থাপন ও কমিউনিটি টয়লেট নির্মাণ কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে।<br>২। কাজের গুণগত মান নিশ্চিত হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ করতে হবে।<br>৩। কোন কোন স্থানে সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন করা হচ্ছে তার বিস্তারিত তালিকা প্রেরণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ২১ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরঃ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় জানান ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরে অর্থ বছরে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অধীনে মুন্সীগঞ্জ জেলার ৬টি উপজেলায় ১৯টি বিভিন্ন প্রকল্পে ৩৫৯টি সরকারী/বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে নির্মাণ/উর্ধ্বমূখী সম্প্রসারণ/ মেরামত সংস্কার/ ফার্নিচার সরবরাহ কাজ চলমান। সভাপতি প্রকল্প পরিদর্শনকালে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানদের সম্পৃক্ত করাসহ গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি এলাকা ভিত্তিক/উপজেলা ভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধ জানান। | ১। প্রকল্পের চলমান সকল কাজ নিয়মিত পরিদর্শনপূর্বক যথাসময়ে সমাপ্ত করতে হবে।<br>২।,প্রকল্প পরিদর্শনকালে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানদের সম্পৃক্ত করতে হবে।<br>৩। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ কর্তৃক গৃহীত প্রকল্পসমূহের নাম, বরাদ্দকৃত টাকার পরিমাণ, সমাপ্তির তারিখসহ প্রয়োজনীয় তথ্যাদি | ১। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মুন্সী গঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | | এলাকা ভিত্তিক/উপজেলা ভিত্তিক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | |
| ২২ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: কার্যপত্র হতে জানা যায়, মুন্সীগঞ্জ জেলার সদর উপজেলার চর কেওয়ার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুনঃনির্মাণ কাজের অগ্রগতি ৬০%। মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলার বাউশিয়া ইউনিয়নের পোড়াচক বাউশিয়া কমিউনিটি ক্লিনিক পুনঃনির্মাণ কাজের অগ্রগতি ৪৩%। অপারেশনাল প্লান (ওপি) ২০২১-২২ অর্থ বছরে মুন্সীগঞ্জ জেলায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর আওতায় বিভিন্ন স্বাস্থ্য স্থাপনার মোট-১৪ টি প্যাকেজের মেরামত ও সংস্কার কাজের জন্য ১১৭.৬৯ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। সভাপতি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুনঃনির্মাণ ও অপারেশনাল প্লান (ওপি) মেরামত সংস্কার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পুণঃনির্মাণ ও অপারেশনাল প্লান (ওপি) মেরামত সংস্কার কাজ সুষ্ঠুভাবে সম্পন্নকরার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। | সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ২৩ | পানি উন্নয়ন বোর্ডঃ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মুন্সীগঞ্জ এর প্রতিনিধি বলেন, "৬৪ টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয়সমূহ পুনঃখনন (১ম পর্যায়)" ১ম সংশোধিত শীর্ষক প্রকল্পের আওতায় কাটাখালী খালের পুনঃখনন কাজ চলমান রয়েছে এবং কাজটির সময় বর্ধিতকরণ প্রক্রিয়াধীন রয়েছে। কাজের অগ্রগতি ২৫%। বিগত নভেম্বর মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গত ২৪/১১/২০২১ খ্রি. তারিখে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা; নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মুন্সীগঞ্জ; নির্বাহী প্রকৌশলী, মুন্সীগঞ্জ পৌরসভা; মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা; উপজেলা চেয়ারম্যান, মুন্সীগঞ্জ সদর; সহকারী কমিশনার (ভূমি), মুন্সীগঞ্জ সদর ও জেলা বন কর্মকর্তাসহ সরেজমিনে কাটাখালী খাল পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে উপস্থিত কাজ বাস্তবায়ন কাজে নিয়োজিত ঠিকাদারকে আপতত গাছ না কেটে যে সকল অংশে খাল পুনঃখনন কাজ বাস্তাবায়ন করা সম্ভব সে সকল স্থানে শর্টবোম এক্সকেভেটর দিয়ে খনন কাজ বাস্তাবায়ন করার জন্য নির্দেশনা দেয়া হয়। নির্দেশনা মোতাবেক ঠিকাদার কাজ শুরু করে। কাজ করার সময় খালের ঢালে কাদা মাটি থাকায় এক্সকেভেটর দুই বার খালের তলদেশে পড়ে যায়। খালের ঢালে কাদা মাটি থাকায় শর্টবোম এক্সকেভেটর দিয়ে কাজ করা সম্ভব নয় বিধায় লংবোম এক্সকেভেটর দিয়ে খনন কাজ পুনরায় শুরু করার জন্য নির্দেশ প্রদান করা হয়। শিঘ্রই ঠিকাদার কর্তৃক লংবোম এক্সকেভেটর দ্বারা খাল পুনঃখনন কাজ শুরু করা হবে। "পদ্মা বহুমুখী সেতুর ভাটিতে মুন্সীগঞ্জ জেলার লৌহজং ও টংগিবাড়ী উপজেলাধীন বিভিন্ন স্থানে পদ্মা নদীর বাম তীর সংরক্ষণ" শীর্ষক প্রকল্পের নদী তীর সংরক্ষণ কাজের ১৮টি প্যাকেজের সবগুলোই দরপত্র আহবান করা হয়েছে। যার মোট প্রাক্কলিত ব্যয় ৪৩১.৩০ কোটি টাকা। তন্মধ্যে ১২টি প্যাকেজের দরপত্র আগামী ২০-০১-২০২২খ্রি., ২টি প্যাকেজের দরপত্র আগামী ০২/০২/২০২২ এবং ৪টি প্যাকেজের দরপত্র আগামী ১০/০২/২০২২ তারিখে উন্মুক্ত করা হবে। এছাড়াও মুন্সীগঞ্জ শহর রক্ষা বাধ মেরামতের জন্য ২০ লক্ষ | ১। নদী ভাঙ্গন রোধে প্রকল্পসমূহ বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। গজারিয়া উপজেলার ইসমানির চরে বাধ নির্মাণ কাজের অগ্রগতি জানাতে হবে।<br>৩। কাটাখালী খাল খননের কাজটি সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা<br>২। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মুন্সীগঞ্জ<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>৪। বন বিভাগ, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | টাকা বরাদ্দ পাওয়া গেছে, শীঘ্রই দরপত্র আহবান করা হবে। চেয়ারম্যান উপজেলা পরিষদ, গজারিয়া, গজারিয়া উপজেলার ইসমানির চরে বাধ নির্মাণ কাজের অগ্রগতি জানতে চান। সভাপতি পরবর্তী সভায় গজারিয়া উপজেলার ইসমানির চরে বাধ নির্মাণ কাজের অগ্রগতি জানানোর জন্য অনুরোধ জানান। এছাড়াও কাটাখালী খাল খননের কাজটি সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ২৪ | জেলা শিক্ষা অফিসঃ জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ জানান, গত ০৭/১২/২০২১ ইং তারিখ হতে ০২/০১/২০২২ তারিখ পর্যন্ত সদর ও টঙ্গীবাড়ী উপজেলার সরকারী ও বেসরকারী স্কুল,কলেজ, মাদরাসা সমূহের ১২-১৮ বছর বয়সের ৩৭,২০৬ জন শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদান করা হয় । গত ০৮/০১/২০২২ তারিখ হতে বাকী ৪টি উপজেলার শিক্ষার্থীদরে টিকা প্রদান কার্যক্রম চলছে। গত ১৫/০১/২০২২ তারিখে কাযক্রম শেষ হয়েছে। সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের পাশাপাশি বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় সমূহে শিক্ষার্থীদের অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ ও লটারীর মাধ্যমে ভর্তি পরীক্ষা সম্পন্ন হয় এবং ভর্তি কার্যক্রম শেষের দিকে । ২০২২ সাল হতে মাউশি কর্তৃক ক্লাস রুটিনের যে নির্দেশনা প্রদান করেছে সে মোতাবেক শ্রেণি কার্যক্রম চলমার আছে। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান চালু হওয়ায় সরকার কর্তৃক নিদের্শিত হযে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ স্বাস্থ্যবিধি অনুসরণ করে রুটিনের মাধ্যমে শিক্ষা কার্যক্রম অব্যাহত আছে। এছাড়াও মুন্সীগঞ্জ জেলায় সফলভাবে ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থীদের টিকা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সভাপতি স্বাস্থ্য-বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস গ্রহণ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | ১। স্বাস্থ্য-বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস গ্রহণসহ অন্যান্য কার্যক্রম নিশ্চিত করতে হবে। | জেলা শিক্ষা অফিসার,মুন্সী গঞ্জ |
| ২৫ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসঃ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ বলেন, ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে সকল প্রাথমিক বিদ্যালয় পুনরায় চালু করা হয়েছে। মন্ত্রণালয়ের রুটিন মোতাবেক স্বাস্থ্য-বিধি মেনে বিদ্যালয়ে পাঠদান শুরু হয়েছে। শিক্ষার্থীরা স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ব্যবহার করে বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করছে। এ জেলায় শিক্ষার্থীদের উপস্থিতির হার ৯৩%। এ জেলায় সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের টিকা গ্রহণের হার ৯৭%। ০১ জানুয়ারি ২০২২ তারিখ শিক্ষার্থীদের মাঝে শতভাগ বই বিতরণ করা হয়েছে। সভাপতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের টিকা গ্রহণ নিশ্চিতকরাসহ স্বাস্থ্য-বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস গ্রহণ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | ১। স্বাস্থ্য-বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস গ্রহণ নিশ্চিত করতে হবে।<br>২। জেলার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের টিকা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ<br>৩। উপজেলা নির্বাহী অফিসার ,গজারিয়া, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ২৬ | পিটিআই, মুন্সীগঞ্জঃ সুপার, পিটিআই, মুন্সীগঞ্জ বলেন, নিজস্ব উদ্যোগে পরীক্ষণ বিদ্যালয়ের জন্য মিনি পার্ক স্থাপন করা হয়েছে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে পিটিআইতে ২ টি শিফটে ৩৮৭ জন শিক্ষার্থী ফরম পূরণ করেছেন। ২০২২-২৩ শিক্ষাবর্ষে মুন্সীগঞ্জ পিটিআইতে ১টি শিফটে ৮৮ জন প্রশিক্ষণার্থী ভর্তি হয়েছে। কোভিড-১৯ সংক্রান্ত জাতীয় কারিগরি পরামর্শক কমিটির সুপারিশ অনুযায়ী বিদ্যালয় পুনঃচালুকরণ ব্যবস্থাপনা ১২ আগস্ট ২০২১ তারিখ থেকে পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় ও মুন্সীগঞ্জ পিটিআই এর ডিপিএড পাঠদান কার্যক্রম পুনরায় চালু হয়েছে। ভর্তি কার্যক্রম চলমান। পিটিআই এর নিজস্ব উদ্যোগে সমগ্র ক্যাম্পাস ও শ্রেণিকক্ষে ১৬ টি সিসি ক্যামেরা লাগানো হয়েছে। এছাড়াও মহিলা হোস্টেলে ৭টি সিসি ক্যামেরা লাগানো হয়েছে। ০২ টি ইনফ্রারেড থার্মোমিটার ক্রয় এবং ০৪ টি অগ্নি নির্বাপক যন্ত্র ক্রয় করা হয়েছে। সভাপতি স্বাস্থ্য-বিধি মেনে ক্লাস গ্রহণ নিশ্চিত করার অনুরোধ জানান। | ১। ডিপিএড প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে।<br>২। স্বাস্থ্য-বিধি মেনে ক্লাস গ্রহণ নিশ্চিত করতে হবে। | সুপার, পিটিআই, মুন্সীগঞ্জ |
| ২৭ | সরকারি হরগঙ্গা কলেজঃ অধ্যক্ষ, সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ বলেন, কলেজ ক্যাম্পাসের অভ্যন্তরীণ সড়ক যথাযথ প্রশস্ত না হওয়ায় বিপুল সংখ্যক শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক এবং অন্যান্যদের যাতায়াতে সুবিধার জন্য ৫০০ ফিট রাস্তা তৈরি কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট রাস্তাসমূহ জরুরি ভিত্তিতে সংস্কারসহ প্রশস্ত করা প্রয়োজন। ছাত্রদের থাকার জন্য নতুন পাঁচ তলা ছাত্রাবাস নির্মাণ কাজ সম্পূন্য হয়েছে। ১০ তলা একাডেমিক ভবনের নির্মাণ কাজ চলমান। পুকুরের চারপাশে রিটেনিং ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও তিনি জানান কলেজের শিক্ষক, কর্মকর্তাদের থাকার জন্য ডরমেটরি প্রয়োজন। কলেজের উন্নয়ন, সংস্কার, রক্ষণাবেক্ষণ ও পরিদর্শন কার্যক্রম নিয়মিত তদারকি করা হচ্ছে। সভাপতি স্বাস্থ্য-বিধি মেনে ক্লাস গ্রহণসহ সকল শিক্ষা কার্যক্রম গ্রহণ নিশ্চিত করার অনুরোধ জানান। | ১। কলেজ ক্যাম্পাসসহ কলেজের উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।<br>২। স্বাস্থ্য-বিধি মেনে ক্লাস গ্রহণসহ সকল শিক্ষা কার্যক্রম গ্রহণ নিশ্চিত করতে হবে। | ১। অধ্যক্ষ, সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সীগঞ্জ<br>২।নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ২৮ | সরকারি মহিলা কলেজঃ অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, মুন্সীগঞ্জ বলেন, মুন্সীগঞ্জ সরকারি মহিলা কলেজে ছাত্রীদের খেলার মাঠ নাই। কলেজ ক্যাম্পাসের মূল ভবন সংলগ্ন পশ্চিম পাশের জায়গা সংস্কার করে খেলার মাঠ করা প্রয়োজন। কলেজের জন্মলগ্ন থেকে নৈশ প্রহরী, গার্ড, ইলেক্ট্রিশিয়ান, মালী, দক্ষ বেয়ারার পদ নাই এবং কর্মচারীর পদ চাহিদার তুলনায় কম থাকায় কলেজের দৈনন্দিন কার্যক্রম ব্যাহত হচ্ছে বিধায় পদগুলো সৃষ্টি করা প্রয়োজন। ২০০৮-০৯ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ডের অনুমতি সাপেক্ষে ব্যবসায় শিক্ষা চালু করা হলেও অদ্যাবধি কোন পদ সৃষ্টি হয় নাই। এছাড়াও তিনি জানান, স্বাস্থ্য-বিধি মেনে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি স্বাস্থ্য-বিধি মেনে ক্লাস গ্রহণসহ সকল শিক্ষা কার্যক্রম গ্রহণ নিশ্চিত করার অনুরোধ জানান। | ১। স্বাস্থ্য-বিধি মেনে ক্লাস গ্রহণসহ সকল শিক্ষা কার্যক্রম গ্রহণ নিশ্চিত করতে হবে। | ১। অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, মুন্সীগঞ্জ |
| ২৯ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোঃ সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো জানান, অত্র জেলার ২০২১-২২ অর্থ বছরে পিইডিপি-৪ এর ২.৫ উপ-কম্পোনেন্ট এর আওতায় "আউট অব চিলড্রেন" শিক্ষা কর্মসূচীর আওতায় ০৮ হতে ১৪ বছর বয়সী নিরক্ষর কিশোর কিশোরীদের জন্য প্রতি উপজেলায় ৪২০ টি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার চলমান রয়েছে। ক্যাম্পেইন, মাইকিং ও বেজলাইন সার্ভে সমাপ্ত হয়েছে। বর্তমানে পুনঃজরিপ কাজ সম্পন্ন করা হয়েছে। এ প্রোগ্রামের শিখণ কার্যক্রম ১৩ জানুয়ারি ২০২২ হতে চালু করার নির্দেশ প্রদান পাওয়া গেছে। সভাপতি গুণগত মান ঠিক রেখে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করার অনুরোধ জানান। | ১। সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে আলোচনা করে প্রকল্প বাস্তবায়ন করবেন। | সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, মুন্সীগঞ্জ |
| ৩০ | মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমঃ সহকারী প্রকল্প পরিচালক জানান, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় জেলায় মোট ৬৪টি | ১। মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম চলমান | ১। উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | শিক্ষা কেন্দ্র রয়েছে এর মধ্যে প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র ৫৫ টি, বয়স্ক শিক্ষা কেন্দ্র ০৩টি ও গীতা শিক্ষা কেন্দ্র ০৬টি। করোনা পরিস্থিতি বিবেচনা করে প্রত্যেক শিক্ষা কেন্দ্রে সাপ্তাহিক সমবেত প্রার্থনা করা হচ্ছে। ডিসেম্বর/২০২১ মাসের শিক্ষক সমন্বয় সভা জুম এ্যাপসের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। শিক্ষকগণ প্রতিদিন ০৫ জন শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে পড়ালেখার বিষয়ে খোঁজখবর রাখেন। এছাড়াও তিনি জানান, কালী মন্দিরে মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম চালু করা হবে। সভাপতি মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমগুলো সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের নিয়মিত পরিদর্শন করার অনুরোধ জানান। | কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>২। হোম ভিজিট চলমান রাখতে হবে। | (সকল), মুন্সীগঞ্জ<br>২। সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, মুন্সীগঞ্জ |
| ৩১ | ইসলামিক ফাউন্ডেশনঃ উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ জানান, সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে ৫৬০টি ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র ও মডেল মসজিদ প্রতিষ্ঠার কার্যক্রম অব্যাহত আছে। মুন্সীগঞ্জ সদর উপজেলা মডেল মসজিদের ২য় তলার ছাদ ঢালাইয়ের কাজ চলমান। টংগীবাড়ি উপজেলায় ৩য় তলার ছাদ ও মিনারের নির্মাণ কাজ চলমান। সিরাজদিখান উপজেলা মডেল মসজিদের ২য় তলার ছাদ ও মিনারের নির্মাণ কাজ চলমান। গজারিয়া উপজেলা মডেল মসজিদের ব্যক্তি মালিকানাধীন জমি অধিগ্রহণের কাজ চলমান। তবে জমিতে কাজ শুরু করার অনাপত্তি পত্র জমা দেওয়া হয়েছে বিধায় দ্রুত কাজ শুরু করা যেতে পারে। জেলা মডেল মসজিদ এর জন্য জমি অধিগ্রহণ করা প্রয়োজন এবং লৌহজং মডেল মসজিদের জমি অধিগ্রহণের কাজ প্রক্রিয়াধীন। শ্রীনগর উপজেলা মডেল মসজিদের ২য় তলার ছাদের কাজ চলমান। বর্তমানে ৬টি উপজেলায় প্রাক-প্রাথমিক, বয়স্ক শিক্ষা ও সহজ কুরআন শিক্ষা ৮১৪টি কেন্দ্রে, দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা ০৮ টি এবং রিসোর্স সেন্টার ২২টি চালু রয়েছে। এছাড়াও ওমিক্রণ সংক্রমনের বিষয়ে জেলার সকল মসজিদের মাইকে জনসচেতনতামূলক কার্যক্রম যেমন প্রত্যেক ওয়াক্ত নামাজের সময় মুসল্লীগণ পরস্পর দুরত্ব বজায় রেখে, মাস্ক ব্যবহার এবং সরকারি নির্দেশনাসমূহ পালনের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি জানান, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক দ্বিতীয় পর্যায়ে ১৫০ টি মডেল মসজিদ উদ্বোধন করা হবে। দ্বিতীয় পর্যায়ে যাতে মুন্সীগঞ্জ জেলার ১টি বা ২টি মডেল মসজিদ উদ্বোধন করা যায় সে বিষয়ে তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছেন। সভাপতি করোনাকালে স্বাস্থ্য-বিধি মেনে নামাজ আদায় নিশ্চিত করার অনুরোধ জানান। | ১। মডেল মসজিদ নির্মাণ কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>২। করোনাকালে স্বাস্থ্য-বিধি মেনে নামাজ আদায় নিশ্চিত করতে হবে।<br>৩। জেলা সদর, গজারিয়া এবং লৌহজং উপজেলা মডেল মসজিদের জমি দ্রুত বুঝিয়ে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। দ্বিতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী কর্তৃক ১৫০ টি মডেল মসজিদ উদ্বোধন অনুষ্ঠানে যাতে মুন্সীগঞ্জ জেলা হতে মডেল মসজিদ অন্তর্ভুক্ত থাকে তা নিশ্চিত করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>৩। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ |
| ৩২ | জেলা সরকারি গণগ্রন্থাগারঃ লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থগার জানান, জেলা গ্রন্থাগারটিতে ৩৬০২৫ টি পুস্তক রয়েছে। গ্রন্থাগারে দৈনিক পত্রিকার সংখ্যা ১৭ টি, সাময়িকীর সংখ্যা ১৯ টি যা পাঠকদের জন্য উন্মুক্ত রাখা হয়। গণগ্রন্থাগারে বই ধার নেয়ার জন্য সদস্য সংখ্যা ১০৬ জন। উক্ত প্রতিষ্ঠানে পাঠক সেবা, রেফারেন্স সেবা, পরামর্শ সেবা, নির্বাচিত তথ্য বিতরণ সেবা, তথ্য অনুসন্ধান সেবা, উপদেশমূলক সেবা ও ইন্টারনেট সেবামূলক কার্যক্রম গ্রহণ করা হয়। এছাড়াও তিনি জানান, মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ৩০ ডিসেম্বর ২০২১ হতে ০২ জানুয়ারি ২০২২ তারিখ বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলা জেলা শিল্পকলা একাডেমী, মুন্সীগঞ্জে অনুষ্ঠিত হয়। সভাপতি পাঠক সংখ্যা বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা এবং জেলা সরকারি গণগ্রন্থাগারটি আধুনিকায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। পাঠক সংখ্যা বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | লাইব্রেরিয়ান, সরকারি গণগ্রন্থাগার, মুন্সীগঞ্জ |
| ৩৩ | জেলা সঞ্চয় অফিস, মুন্সীগঞ্জঃ সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত ২০২১-২২ অর্থ বছরে ৮৮ কোটি ২৩ লক্ষ টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ৩০ কোটি ৫৯ লক্ষ টাকা বিনিয়োগ অর্জিত | ১। সরকারের নির্দেশনা অনুযায়ী আমানতকারীদের অর্থের হিসাব যথাযথভাবে | সহকারী পরিচালক, জেলা সঞ্চয় |

<table>
<tr><td></td><td>হয়েছে।
<table>
<tr><td>নাম</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জিত বিনিয়োগ</td><td>মুনাফার হার</td><td>মুনাফা</td></tr>
<tr><td>পরিবার সঞ্চয় পত্র</td><td>২৩.৮২</td><td>১৪.১৮</td><td>১১.৫২</td><td>প্রতিমাসে ৯১২/-</td></tr>
<tr><td>৩ মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র</td><td>১৮.৫৩</td><td>১১.৫৯</td><td>১১.০৪</td><td>৩ মাস পরপর ২৬২২/-</td></tr>
<tr><td>৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয় পত্র</td><td>৩৮.৮২</td><td>১.৬৫</td><td>১১.২৮</td><td>মেয়াদান্তে মুনাফা ৫৩,৫৮০/-</td></tr>
<tr><td>পেনাশনার সঞ্চয় পত্র</td><td>৭.০৬</td><td>৩.১৭</td><td>১১.৭৬</td><td>৩ মাস পরপর ২৭৯৩/-</td></tr>
<tr><td>মোট বিনিয়োগ</td><td>৮৮.২৩ কোট</td><td>৩০.৫৯ কোটি</td><td>-</td><td>-</td></tr>
</table>
সভাপতি সঞ্চয়পত্রের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জনসাধারণের মাঝে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।</td><td>সংরক্ষণ করতে হবে।<br>২। সঞ্চয়পত্রের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জনসাধারণের মাঝে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>অফিস, মুন্সীগঞ্জ</td></tr>
<tr><td>৩৪</td><td><u>জীবন বীমা কর্পোরেশন, মুন্সীগঞ্জঃ</u> ব্যবস্থাপক, জীবন বীমা কর্পোরেশন সভাপতির মাধ্যমে উপস্থিত সকলকে জীবন বীমা করার অনুরোধ জানান। সভাপতি জীবন বীমা করার ক্ষেত্রে জনগণের মাঝে আগ্রহ সৃষ্টি করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।</td><td>১। জীবন বীমা কর্পোরেশনের কার্যক্রম চলমান রাখাসহ সেবার মান বৃদ্ধি করতে হবে।</td><td>শাখা ইনচার্জ, জীবন বীমা কর্পোরেশন, মুন্সীগঞ্জ</td></tr>
<tr><td>৩৫</td><td><u>আমার বাড়ি আমার খামার প্রকল্প, মুন্সীগঞ্জঃ</u> জেলা সমন্বয়কারী জানান, ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১১০৫৯.৮৩ লক্ষ টাকা, অর্জিত ২৬২৮.৯৯ লক্ষ টাকা, হার ২৪%। ঋণ আদায় লক্ষ্যমাত্রা ১১০৫৯.৮৩ লক্ষ টাকা, অর্জিত ২৫১০.৫৫, হার ২৩% জেলায় মোট মেয়াদউত্তীর্ণ ঋণ খেলাপী হার ২৭%। সভাপতি ''আমার বাড়ি আমার খামার''-প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন ও সদস্য ভর্তি, সঞ্চয় ও আদায় কার্যক্রম জোরদার করার অনুরোধ জানান।</td><td>১। ''আমার বাড়ি আমার খামার''-প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন ও সদস্য ভর্তি, সঞ্চয় ও আদায় কার্যক্রম জোরদার করতে হবে।</td><td>১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মুন্সীগঞ্জ</td></tr>
<tr><td>৩৬</td><td><u>সমবায় বিভাগঃ</u> জেলা সমবায় অফিসার, মুন্সীগঞ্জ জানান, আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতির সংখ্যা ২২টি, ব্যারাক সংখ্যা ২২৯টি ও পুনর্বাসিত পরিবারের সংখ্যা ১৩৮৫টি। মোট সমবায় সমিতির সংখ্যা ১৮৭৫ টি। পরিদর্শনকৃত সমবায় সমিতির মোট সংখ্যা ১৩৮ টি। ভ্রাম্যমান প্রশিক্ষণের মাধ্যমে ২২৫ জন সমবায়ীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । একাডেমিক প্রশিক্ষণ ০৬ জন। ২৫ সমবায়ীকে আইজিএ সেলাই এবং ২৫ জন সমবায়ীকে আইজিএ ইলেকট্রিক্যাল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি জানান বিগত বছরে লক্ষ্যমাত্রা পূরণ করা হয়েছে এবং জেলা প্রশাসনের সহায়তায় জাতীয় সমবায় দিবস যথযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করা হয়েছে। সভাপতি ঋণ বিতরণ, ঋণ আদায় ও পরিদর্শন কার্যক্রম জোরদার করাসহ সমিতির কার্যক্রম ফলপ্রসূ করার অনুরোধ জানান।</td><td>১। ঋণ বিতরণ, ঋণ আদায় ও পরিদর্শন কার্যক্রম জোরদার করাসহ সমিতির কার্যক্রম ফলপ্রসূ করতে হবে।</td><td>জেলা সমবায় অফিসার, মুন্সীগঞ্জ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৩৭ | বি.আর.ডি.বিঃ উপ-পরিচালক, বি.আর.ডি.বি, মুন্সীগঞ্জ সভায় জানান, বিআরডিবি'র আওতাধীন ১১টি প্রকল্প ও কর্মসূচীতে ডিসেম্বর/২০২১ মাসে ঋন বিতরণ ২২৪.১৪ (লক্ষ) টাকা ও ২০২১-২২ অর্থ বছরে বিতরণ ৬৮০.১৯ (লক্ষ) টাকা, বিতরণের হার ৪৫% । ডিসেম্বর/২০২১ মাসে ঋণ আদায় ২১৫.৩৬ (লক্ষ) টাকা ও ২০২১-২২ অর্থ বছরে আদায় ৬১৮.১২ (লক্ষ) টাকা। বছরে আদায়ের হার ৪৬% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৭%। তিনি আরো জানান যে, পিআরডিপি-৩ প্রকল্পে ২০২১-২২ অর্থবছরে ০ টি ভিডিসি স্কীম বাস্তবায়ন হয়েছে এবং ক্রমপুঞ্জিত ভিডিসি স্কীম বাস্তবায়নের পরিমান ১৮৫ টি। স্কীম বাস্তাবায়নের হার ৯৯%। ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ১২৫ টি ব্যাচ। প্রশিক্ষণের হার ৮৭%। সভাপতি ঋণ আদায়ে আরো তৎপর হওয়ার জন্য এবং সার্টিফিকেট মামলা দ্রুত নিষ্পত্তির বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারদের সাথে যোগাযোগ করে নিষ্পত্তির উদ্যোগ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়াও উপজেলা ভিত্তিক সার্টিফিকেট মামলার তথ্য এবং বিগত বছরে দায়েরকৃত মামলা ও নিষ্পত্তিকৃত মামলার তথ্য উপস্থাপন করার অনুরোধ জানান। | ১। যাচাই বাছাই করে ঋণ বিতরণ করাসহ খেলাপী ঋণ আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>২। সার্টিফিকেট মামলা হালনাগাদ করাসহ উপজেলা নির্বাহী অফিসারদের সাথে যোগাযোগ করে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩। উপজেলা ভিত্তিক সার্টিফিকেট মামলার তথ্য এবং বিগত বছরে দায়েরকৃত মামলা ও নিষ্পত্তিকৃত মামলার তথ্য উপস্থাপন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। উপ-পরিচালক বিআরডিবি, মুন্সীগঞ্জ |
| ৩৮ | সমাজসেবা অধিদপ্তরঃ উপ-পরিচালক,জেলা সমাজসেবা অধিদপ্তর, মুন্সীগঞ্জ জানান, সামাজিক নিরাপত্তা কর্মসূচি (বিভিন্ন প্রকার ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বিতরণ করা হয়েছে। বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যক্রমে সর্বমোট বিনিয়োগ ৮,৮৪,১১,৬৭৮/- টাকা, আদায়ের পরিমাণ ২,৪৫,৬১,০৩০/- টাকা, আদায়ের হার ৮১%। সর্বমোট রেজিস্ট্রেশন প্রাপ্ত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা সর্বমোট ৪২৯ টি। প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রম ও বিভিন্ন প্রাতিষ্ঠানিক কার্যক্রমসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক। এমআইএস এন্ট্রির কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। সভাপতি সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ঋণ বিতরণসহ অন্যান্য কার্যক্রমের মাধ্যমে সেবার মান আরও বৃদ্ধি করার অনুরোধ জানান। | ১। সামাজিক নিরাপত্তা কর্মসূচি, ঋণ বিতরণসহ অন্যান্য কার্যক্রমের মাধ্যমে সেবার মান আরও বৃদ্ধি করতে হবে। | ১। উপ-পরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৩৯ | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রঃ জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা জানান, ডিসেম্বর ২০২১ মাসের নতুন নিবন্ধিত ২৬ জন। সার্ভিস ট্রানজেকশন: ফিজিওথেরাপি ৩৬০ জন, অকুপেশনাল থেরাপি ৩৬০ জন, দৃষ্টি ০০ জন, স্পীচ এন্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি ৮০ জন, কাউন্সিলিং ৩৬০ জন। এছাড়াও তিনি জানান, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে কিছু হুইল চেয়ার মজুদ রয়েছে। সভাপতি মজুদ হুইল চেয়ারগুলো উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয়পূর্বক বিতরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১। নিয়মিত কেন্দ্রে উপস্থিত থেকে প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সেবা দক্ষতার সাথে সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। মজুদ হুইল চেয়ারগুলো উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয়পূর্বক বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মুন্সীগঞ্জ |
| ৪০ | বাংলাদেশ শিশু একাডেমীঃ জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মুন্সীগঞ্জ বলেন, শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক কর্মসূচি চলমান রয়েছে। সাংস্কৃতিক প্রশিক্ষণ কর্মসূচি চলছে। লাইব্রেরি ভিত্তিক কর্মসূচি চলমান। বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২১, শেখ রাসেলের ৫৭তম জন্মবার্ষিকী, শেখ কামালের জন্মবার্ষিকী ২০২১, মহান বিজয় দিবস ২০২১ সফলভাবে উদযাপিত হয়েছে। এছাড়া তিনি শিশু একাডেমীর ভবন নির্মাণের জন্য খাস জমি দেয়ার বিষয়ে তিনি সভাপতি দৃষ্টি আকর্ষণ করেন। | ১। শিশুর বিকাশ ও প্রাক-প্রাথমিক কার্যক্রম দক্ষতার সাথে সম্পন্ন করতে হবে। | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মুন্সীগঞ্জ |
| ৪১ | যুব উন্নয়ন অধিদপ্তরঃ কার্যপত্র হতে জানা যায়, ডিসেম্বর ২০২১ মাস পর্যন্ত ২৭০ জনকে ১,০৪,৯০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রদান প্রাতিষ্ঠানিক ৩২১ জন, অপ্রাতিষ্ঠানিক ৩৬০ জন। আত্মকর্মসংস্থান ৪৩ জন। যুব সংগঠন নিবন্ধিত ২৯ টি, স্বীকৃত ১৫ টি। সভাপতি মুজিববর্ষ উপলক্ষ্যে এ জেলায় যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ ও স্বাস্থ্য-বিধি মেনে প্রশিক্ষণ | ১। মুজিব বর্ষ উপলক্ষে এ জেলার জন্য নির্ধারিত সংখ্যক যুবকদের ঋণ বিতরণের তথ্য প্রদান করতে হবে।<br>২। প্রকৃত যুবকদের যাচাই- | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, |

| | | | |
|---|---|---|---|
| | প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সকলকে অনুরোধ জানান। | বাছাই করে পেশা ভিত্তিক স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মুন্সীগঞ্জ |
| ৪২ | জেলা ক্রীড়া অফিস, মুন্সীগঞ্জঃ জেলা ক্রীড়া অফিসার, মুন্সীগঞ্জ জানান, বার্ষিক ক্রীড়া কর্মসূচির পঞ্জিকা মোতাবেক জেলা ক্রীড়া অফিস, মুন্সীগঞ্জ এর আয়োজনে ১১ জানুয়ারি ২০২২ তারিখ মুন্সীগঞ্জ সদর উপজেলার ইনডোর স্টেডিয়ামে, বালক ও বালিকাদের ব্যাডমিন্টন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান এবং বালিকাদের মাসব্যাপী টেবিল টেনিস প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। এছাড়াও আগামী ১৭ জানুয়ারি ২০২২ তারিখে বছিরন নেছা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে বালক ও বালিকাদের এ্যাথলেটিকস প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করা হবে। সভাপতি করোনা পরিস্থিতিতে সরকারি নির্দেশনা মেনে সকল ধরণের ক্রীড়া প্রতিযোগিতা চলমান রাখার অনুরোধ জানান। | ১। করোনা পরিস্থিতিতে সরকারি নির্দেশনা মেনে সকল ধরণের ক্রীড়া প্রতিযোগিতা চলমান রাখতে হবে। | জেলা ক্রীড়া অফিসার, মুন্সীগঞ্জ |
| ৪৩ | মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ সভায় জানান, মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় ডিসেম্বর ২০২১ মাসে ঋণ আদায়ের পরিমাণ ১,৮০,০৭৫/- টাকা, অনাদায়ী টাকার পরিমাণ ৬৩,০৬,৩৯৮/- টাকা। ভিজিডি কর্মসূচির আওতায় ডিসেম্বর ২০২১ মাসে ৯৪০৭ জন উপকারভোগীর মাঝে ২৮২.১৫ টন খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এর আওতায় মুন্সীগঞ্জ জেলায় ৭০টি ক্লাবে প্রতি সপ্তাহে ২টি করে স্বাস্থ্যবিধি মেনে মোট ৬৩০টি ক্লাস হয়েছে। এছাড়াও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | ১। ভাতা বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রমসহ অন্যান্য সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৪৪ | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক): কার্যপত্র হতে জানা যায়, ডিসেম্বর ২০২১ মাসে শিল্প উদ্যোক্তা চিহ্নিত করা হয়েছে ০৬ জন।০৯ জনকে ২৪.০০ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ০৬ টি শিল্প প্রতিষ্ঠানকে নিবন্ধন প্রদান করা হয়েছে। শিল্পনগরীতে ৮২টি শিল্প প্লটের মধ্যে ৬৫টি শিল্প ইউনিট স্থাপিত হয়েছে। তার মধ্যে ৬৪টি উৎপাদনরত। ০১টি শিল্প কারখানা বাস্তবায়নাধীন । ভূমি উন্নয়ন কর আদায়ের হার ৯৫% সার্ভিস চার্জ আদায়ের হার ৯৩%। অন্যান্য আদায়ের হার ৯৪%।<br>**এপিআই শিল্প পার্কঃ** গজারিয়া উপজেলার ভবেরচরে ২০০ একর জমির উপর ঔষধ শিল্পের কাঁচামাল উৎপাদনের লক্ষ্যে এপিআই শিল্প পার্ক স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ইতি মধ্যে প্লট বরাদ্দপত্র প্রদান করা হয়েছে। শিল্প উদ্যোক্তাগন শিল্প স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম শুরু করেছেন।<br>**প্লাস্টিক শিল্পনগরীঃ** সিরাজদিখান উপজেলার ২য় ধলেশ্বরী সেতুর পশ্চিমপার্শে বড়বর্তা মৌজায় ৫০ একর জমির উপর প্লাস্টিক শিল্পনগরী স্থাপনের নিমিত্তে জমি অধিগ্রহণের কাজ সম্পাদন করা হয়েছে।<br>**ইলেক্ট্রিক গুডস ও হালকা প্রকৌশল শিল্পনগরীঃ** জমি অধিগ্রহণ পরবর্তীতে টংগীবাড়ী উপজেলার বেতকা মৌজায় ৫০ একর জমির উপর ইলেক্ট্রিক গুডস ও হালকা প্রকৌশল শিল্পনগরী স্থাপনে মাটি ভরাট কাজ শেষ হয়েছে। রোড ও ড্রেনের কাজ চলমান রয়েছে।<br>**বিসিক কেমিক্যাল শিল্পপার্কঃ** সিজারদিখান উপজেলার ঢাকা-দোহার মহাসড়কের পাসে ৩১০ একর ভূমি অধিগ্রহণপূর্বক মাটি ভরাটের কাজ চলছে।<br>**বিসিক মুদ্রণ শিল্পনগরীঃ** জমি অধিগ্রহণের প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন। | ১। চলমান বিভিন্ন প্রকল্প সমূহের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপ-ব্যবস্থাপক, বিসিক, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া,নির্বাচনী ইশতেহার বাস্তবায়নেপদ্মা সেতুর পাড়ে ৪০০ একর জমিতে সিংগাপুরের আদলে শিল্প পার্ক স্থাপনের জন্য সিরাজদিখান উপজেলার খারসুর ও মরিচা মৌজায় জমি চিহ্নিত করে সম্ভব্যতা যাচাই কমিটির সুপারিশের আলোকে প্রকল্প প্রস্তাব প্রণয়নের কাজ চলছে।<br>**প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ঋণ বিতরণঃ**<br>মুন্সীগঞ্জ জেলায় প্রণোদনা প্যাকেজের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে ৮৪.৯৭ কোটি টাকা বরাদ্দের বিপরীতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ২৪ টি ব্যাংক ৩৭৫ জন উদ্যোক্তাকে ক্রমপুঞ্জীত ৫৭.২৩ কোটি টাকা বিতরণ করেছে। সভাপতি চলমান বিভিন্ন প্রকল্প সমূহের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার অনুরোধ জানান। | | |
| ৪৫ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরঃ উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, মুন্সীগঞ্জ জানান, ডিসেম্বর ২০২১ মাসে সর্বমোট ৮৮ টি কলকারখানা, প্রতিষ্ঠান এবং দোকান পরিদর্শন করা হয়েছে। কলকারখানার লাইসেন্স ০৪ টি নবায়ন এবং ১১টি নতুন লাইসেন্স ইস্যুর মাধ্যমে ৫,৮০০/- টাকা রাজস্ব আদায় হয়েছে। সভাপতি শিল্প প্রতিষ্ঠানগুলোতে ইটিপি আছে কিনা সে বিষয়ে পরিবেশ অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও তিনি উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয়পূর্বক কলকারখানা পরিদর্শন কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানান। | ১। উপজেলা নির্বাহী অফিসারগণের সাথে সমন্বয়পূর্বক কলকারখানা পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে।<br>২। শিল্প প্রতিষ্ঠানগুলোতে ইটিপির বিষয়ে পরিবেশ অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১।উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, মুন্সীগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |
| ৪৬ | জনশক্তি ও কর্মসংস্থান বিভাগঃ সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, মুন্সীগঞ্জ সভায় বলেন, ডিসেম্বর ২০২১ মাসে রেজিস্ট্রেশন ও ফিঙ্গার প্রিন্টের সংখ্যা পুরুষ ১৪৫৯ জন, মহিলা ১১৭ জন, রেজিস্ট্রেশন বাবদ প্রাপ্ত টাকার পরিমাণ ৩,১৫,২০০/-। বিদেশ গমনকারী কর্মীর সংখ্যা পুরুষ ২৮৬০ জন, মহিলা ১৭৫ জন। এছাড়াও ৮ টি পরিবারের মাঝে ২৪,০০,০০০ টাকা বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান, অভিবাসী দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হয়েছে। সভাপতি রেজিস্ট্রেশন, ফিঙ্গারপ্রিন্ট, আর্থিক অনুদান সংক্রান্ত বিষয়ে সতর্কতা এবং প্রবাসীদের জন্য সরকার প্রদত্ত বিভিন্ন সুবিধার তথ্য ব্যাপকভাবে প্রচার করাসহ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১। রেজিস্ট্রেশন, ফিঙ্গারপ্রিন্ট, আর্থিক অনুদান সংক্রান্ত বিষয়ে সতর্কতা এবং প্রবাসীদের জন্য সরকার প্রদত্ত বিভিন্ন সুবিধার তথ্য ব্যাপকভাবে প্রচার করতে হবে। | সহকারী পরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান অফিস, মুন্সীগঞ্জ |
| ৪৭ | পাসপোর্ট অধিদপ্তরঃ সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, মুন্সীগঞ্জ সভায় বলেন, ডিসেম্বর ২০২১ মাসে ৬০ জন এমআরপি এবং ৩৫০০ জন ইপিপি আবেদনকারীর তথ্য এনরোল করা হয়েছে। একই সময়ে ৩২ জন এমআরপি এবং ৩৬৫০ জনকে ইপিপি পাসপোর্ট ইস্যু করা হয়েছে। বর্তমানে করোনা ভাইরাস এর সম্ভাব্য সংক্রমণ ও স্বাস্থ্য ঝুঁকি বিবেচনায় এমআরপি এবং ই-পাসপোর্ট এর বায়োমেট্রিক সম্পর্কিত সকল কার্যক্রম স্বাস্থ্য-বিধি মেনে চলমান আছে। পাসপোর্ট অফিস সুন্দর রাখতে প্রচেষ্টা অব্যাহত আছে। সভাপতি পাসপোর্ট অফিস চত্বরে দালালদের দৌরাত্ম্য বন্ধের উদ্যোগ এবং ই-পাসপোর্ট কার্যক্রম স্বাস্থ্য-বিধি মেনে পরিচালনার জন্য অনুরোধ জানান। | ১। পাসপোর্ট প্রদানে সেবার মান বৃদ্ধিসহ পাসপোর্ট অফিস চত্বরে দালালদের দৌরাত্ম্য বন্ধের উদ্যোগ নিতে হবে।<br>২। নির্ধারিত সময়ের মধ্যে পাসপোর্ট সরবরাহ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, পাসপোর্ট অধিদপ্তর, মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ৪৮ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মুন্সীগঞ্জ সভায় বলেন, ডিসেম্বর ২০২১ মাসে ১৩ টি অগ্নিকান্ড, অগ্নিকান্ডে ক্ষতির পরিমান ১৩,৫২,০০০/- টাকা এবং উদ্ধারের পরিমাণ ৪২,৫০,০০০/- টাকা। নৌ দুর্ঘটনা ০টি, অন্যান্য দুর্ঘটনা ০টি এবং ৯ টি সড়ক দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় আহতের সংখ্যা ১৮ জন। মৃতের সংখ্যা ০১ জন। সভাপতি সবগুলো অফিসে অগ্নি নির্বাপক যন্ত্র আছে কিনা এবং মেয়াদোত্তীর্ণ কিনা পরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। | ১। যে কোন দুর্ঘটনায় তড়িৎ গতিতে ব্যবস্থা গ্রহণ করাসহ সকলকে সহযোগিতা করতে হবে।<br>২। মেয়াদসম্পন্ন অগ্নি নির্বাপক যন্ত্র রাখতে হবে এবং নিয়মিত ফায়ার সার্ভিসের মহড়া করতে হবে। | উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মুন্সীগঞ্জ |
| ৪৯ | আনসার ও ভিডিপিঃ জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মুন্সীগঞ্জ জানান, এ জেলার বিভিন্ন উপজেলায় ৬৩ টি (কেপিআই) সংস্থায় সর্বমোট ৫৫৮ জন আনসার সদস্য নিরাপত্তার দায়িত্ব পালন করে আসছে এবং আর্থ সামাজিক উন্নয়ন ও আইনশৃংখলা রক্ষায় এ বাহিনীর সদস্য-সদস্যাগণ সক্রিয় ভূমিকা রেখে চলছে। ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২১ ৪র্থ ধাপ উপলক্ষ্যে মুন্সীগঞ্জ জেলার লৌহজং ও সিরাজদিখান উপজেলার ২৩ টি ইউনিয়নের ২২৫ (একশত আটাশ) টি ভোট কেন্দ্রে ২৬/১২/২০২১ হতে ২৯/১২/২০২১ পর্যন্ত মোট ০৪ দিন আইন-শৃংখলা রক্ষার নিমিত্তে পুলিশের সাথে দায়িত্ব পালনের জন্য ২২৫ জন পিসি (অস্ত্রসহ), ২২৫ এপিসি জন(অস্ত্রসহ), ১৮০০ আনসার ও ভিডিপি (পুরুষ-লাঠিসহ) এবং ১৫৭৫ জন আনসার ও ভিডিপি (মহিলা-লাঠিসহ) সর্বমোট ৩৮২৫ জন, সদস্য/সদস্যা দায়িত্ব পালন করেছেন। এছাড়াও মহামারী করোনা ভাইরাসে জনসচেতনতামূলক কার্যক্রম ও আইনশৃঙ্খলা রক্ষায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক'কে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তর করার লক্ষ্যে আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাদের মধ্যে ব্যাংকের শেয়ার বিক্রয়ের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া জঙ্গিবাদ ও সন্ত্রাস নির্মূলে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১। কে পি আই ভুক্ত প্রতিষ্ঠানে আনসার সদস্যদের দায়িত্ব পালন অব্যাহত রাখতে হবে। | জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি,মুন্সীগঞ্জ |
| ৫০ | জেলা কারাগারঃ জেল সুপার, জেলা কারাগার, মুন্সীগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান, স্থানীয় ব্যবস্থাপনায় মুন্সীগঞ্জ জেলা কারাগারের জামে মসজিদের অবশিষ্ট নির্মাণ কাজ চলমান রয়েছে। জেলা কারাগার আবাসিক ভবন 'গোলাপ ভবনের' উর্ধ্বমূখী সম্প্রসারণের কাজ চলমান আছে। জেলা কারাগারের এপ্রোচ রোড নির্মাণ কাজ চলমান। সভাপতি কারাগারের অভ্যন্তরে ও বাহিরে নিরাপত্তা জোরদারকরণসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। কারাগারের অভ্যন্তরে ও বাহিরে নিরাপত্তা জোরদারকরণসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেল সুপার, জেলা কারাগার, মুন্সীগঞ্জ |
| ৫১ | বিআরটিএঃ সহকারী পরিচালক, বিআরটিএ, জানান, আলোচ্য মাসে রেজিঃ ৬ টি, শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স প্রদান ১২৬ টি, স্মার্ট কার্ড বিতরণ ২ টি, ফিটনেস সার্টিফিকেট প্রদান ১৮৬ টি, পারমিট নবায়ন ২ টি । এছাড়াও তিনি জানান, লাইসেন্সবিহীন ও ফিটনেসবিহীন গাড়ী চলাচল বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। সভাপতি নির্বাচনী এলাকায় লাইসেন্সবিহীন মোটর সাইকেল বন্ধ করার জন্য মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করাসহ উপজেলাওয়ারী শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স প্রদানে ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে ক্যাম্পিং করতে হবে।<br>২। নির্বাচনী এলাকায় লাইসেন্সবিহীন মোটর সাইকেল বন্ধ করার জন্য মোবাইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে<br>৩। উপজেলাওয়ারী শিক্ষানবিশ ড্রাইভিং লাইসেন্স প্রদানে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, মুন্সীগঞ্জ |
| ৫২ | বিআইডব্লিউটিএঃ বন্দর কর্মকর্তা সভায় অনুপস্থিত ছিলেন। সভাপতি শিমুলিয়া-কাঠাদিয়া রুটে ফেরি চলাচল স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১। শিমুলিয়া-কাঠাদিয়া রুটে ফেরি চলাচল স্বাভাবিক রাখতে হবে। | বন্দর কর্মকর্তা, বিআইডব্লিউটি |

| | | | |
|---|---|---|---|
| | | | ঐ |
| ৫৩ | জেলা পাট অফিসঃ মূখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর সভায় জানান, বিবেচ্য মাসে পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ বাস্তবায়নে মুন্সীগঞ্জ সদরে ০১ টি মোবাইল কোর্ট পরিচালনা করার মাধ্যমে ০১ টি কোল্ড স্টোরেজকে ২০,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। সভাপতি পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ বাস্তবায়নে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ সর্বক্ষেত্রে পাটের ব্যবহার চালু করার ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ বাস্তবায়নে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ সর্বক্ষেত্রে পাটের ব্যবহার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ<br>২। মূখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৫৪ | বন বিভাগঃ সহকারী বন সংরক্ষক জানান, ২০২১-২২ অর্থ বছরে জনগণের মাঝে সরকারি মূল্যে বিক্রয়ের জন্য ৮০,০০০ টি চারা উত্তোলনের বাজেট পাওয়া গিয়েছে। কাজের অগ্রগতি ৬০%। আগামী বর্ষা মৌসুমে চারা লাগানোর উপর্যুক্ত সময়ে সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান এবং জনসাধারণের মাঝে সরকারি মূল্যে উক্ত চারা বিতরণ করা হবে। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক অবৈধ করাত কলের বিদ্যুৎ সংযোগ বিছিন্ন করার অনুরোধের প্রেক্ষিতে জি. এম, পল্লী বিদ্যুৎ সমিতি মুন্সীগঞ্জ বরাবর অবৈধ করাত কলের তালিকা প্রেরণ করা হয়েছে। তালিকা মোতাবেক অবৈধ বিদ্যুৎ সংযোগ বিছিন্ন করার জন্য তিনি অনুরোধ জানিয়েছেন। সভাপতি রাস্তার পাশে বিভিন্ন গাছ কাটার কারণ জানতে চাওয়ার প্রেক্ষিতে সহকারী বন সংরক্ষক জানান, সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক ব্রীজ নির্মাণ এর প্রেক্ষিতে রাস্তার পাশের বিভিন্ন গাছ কাটা হচ্ছে। ব্রীজ নির্মাণ কাজ সমাপ্ত হলে পরবর্তীতে আবার গাছ রোপন করা হবে। | ১। মুজিববর্ষ উপলক্ষ্যে বরাদ্দকৃত চারা সঠিকভাবে বিতরণ এবং রোপণের ব্যবস্থা করতে হবে।<br>২। শতবর্ষী গাছ কাটার পূর্বে পরিবেশগত গুরুত্ব ও ঐতিহাসিক প্রেক্ষাপট বিবেচনা করতে হবে। | সহকারী বন সংরক্ষক,মুন্সীগঞ্জ |
| ৫৫ | পরিসংখ্যান বিভাগঃ উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান কর্মকর্তা, মুন্সীগঞ্জ বলেন, ডিসেম্বর ২০২১ মাসে মুন্সীগঞ্জ সদর ও ধলাগাঁও বাজার হতে CPI (Consumer Price Index) এর জন্য সংগৃহীত তথ্য-উপাত্ত বিবিএস সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও জয়িতা ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে "ব্যবসা সম্ভাবনাময় প্রসিদ্ধ লুপ্তপ্রায় ও হস্ত কারুজাত পণ্য জরিপ ২০২২" পরিচালনার নিমিত্ত পকেট এরিয়া চিহ্নিত করার লক্ষ্যে তথ্য সংগ্রহের কাজ চলমান। এছাড়াও তিনি জানান, সারা দেশে বর্জ্য ব্যবস্থাপনার তথ্য সংগ্রহের কাজের আওতায় মুন্সীগঞ্জ ও মিরকাদিম পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা তথ্য সংগ্রহ করা হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেন। সভাপতি সকল ধরণের শুমারী কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার অনুরোধ জানান। | ১। সকল ধরণের শুমারী কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, মুন্সীগঞ্জ |
| ৫৬ | জেলা তথ্য অফিসঃ জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ জানান, আলোচ্য মাসে করোনা ভাইরাস সংক্রান্ত সচেতনতামূলক প্রচার ৩৬ টি। সচিত্র বাংলাদেশ, নবরুণ ১৮৮ কপি প্রকাশনা বিতরণ করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে ২১ হাজার কপি বিতরণ ও স্থাপন করা হয়েছে। "এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি" ০১ টি আলোচনা সভা বাস্তবায়ন করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভাপতি বলেন করোনার প্রাদুর্ভাবের কারণে স্বাস্থ্য-বিধি মেনে চলার জন্য জনসচেতনামূলক মাইকিং অব্যাহত রাখতে হবে। সরকারের উন্নয়নমূলক কার্যক্রমগুলো অধিক প্রচার-প্রচারণা করার ব্যবস্থা করতে হবে। | ১। সরকারের নির্দেশনা যথাযথভাবে প্রচারের ব্যবস্থাসহ করোনার প্রাদুর্ভাব মোকাবেলায় সরকারি নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে প্রচার ও প্রচারণা চালাতে হবে।<br>২। সরকারের উন্নয়নমূলক কার্যক্রমগুলো অধিক প্রচার-প্রচারণা করতে হবে। | ১। জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ<br>২। দপ্তর প্রধান, জেলা কার্যালয় (সকল বিভাগ), মুন্সীগঞ্জ |
| ৫৭ | পরিবেশ অধিদপ্তরঃ উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মুন্সীগঞ্জ জানান, ডিসেম্বর ২০২১ মাসে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য ০৩ টি আবেদন দাখিল করা হয়। ০০ টি ছাড়পত্র প্রদান করা হয়েছে। পরিবেশগত | ১।পরিবেশের ভারসাম্য বিনষ্টকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট-এর মাধ্যমে | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), |

| | | | |
|---|---|---|---|
| | ছাড়পত্র নবায়নের জন্য প্রাপ্ত আবেদন ১৭ টি, বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের অনুকূলে ছাড়পত্র নবায়ন ২৬ টি। পরিবেশগত ছাড়পত্র নবায়নের জন্য প্রাপ্ত আবেদন ২৫ টি, ছাড়পত্র প্রদান সংক্রান্ত নথি সদর দপ্তরে প্রেরণ ০৫ টি এবং নবায়ন সংক্রান্ত নথি সদর দপ্তরে প্রেরণ ২০ টি। আলোচ্য মাসে রাজস্ব আদায় হয়েছে ৮,১৩,৫০০/- টাকা। এছাড়াও মোবাইল কোর্টের মাধ্যমে ১,২৩,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। সভাপতি পরিবেশের ভারসাম্য বিনষ্টকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট-এর মাধ্যমে আইনগত ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। নদীতে সুয়ারেজ লাইন সংযোগ প্রদানকারী কল-কারখানার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। কলকারখানাসমূহে সার্বক্ষনিক ইটিপি চালু রাখা নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মুন্সীগঞ্জ<br>২। উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মুন্সীগঞ্জ |
| ৫৮ | পল্লী বিদ্যুৎ সমিতি, মুন্সীগঞ্জঃ জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি জানান, ডিসেম্বর ২০২১ পর্যন্ত মোট গ্রাহক সংখ্যা ৪,৫১,৪১৫ জন, মোট রেভিনিউ ৪৩,৮৫,১১,৯৮৫ টাকা এবং আদায় ১০৯.২৫%। বকেয়া বিদ্যুৎ বিলের জন্য এ পর্যন্ত ৬৬০টি সিভার মামলা দায়ের করা হয়েছে। তন্মধ্যে ৫২৭টি নিষ্পত্তি হয়েছে এবং ১৩৩টি চলমান। এ জেলায় বিভিন্ন প্রতিষ্ঠানে সর্বমোট ৫৮,৬১,৫৭৯/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। রাস্তার উপর থেকে পোল স্থানান্তর ০৬টি, ঝুঁকিযুক্ত লাইন ঝুঁকিমুক্তকরণ ৩৯টি স্পটে। এ জেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। সভাপতি মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত ঘর গুলোতে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করার অনুরোধ জানান। এছাড়াও বিদ্যুতিক লাইনের ত্রুটির জন্য যাতে কোন দুর্ঘটনা না ঘটে সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান। | ১। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিদ্যুৎ বিলে কোন অসামঞ্জস্যতা থাকলে সেটি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২। মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত ঘর গুলোতে বিদ্যুৎ সংযোগ নিশ্চিত করতে হবে।<br>৩। বিদ্যুতিক লাইনের ত্রুটির জন্য যাতে কোন দুর্ঘটনা না ঘটে সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ<br>২। জি এম,পল্লী বিদ্যুৎ সমিতি, মুন্সীগঞ্জ |
| ৫৯ | তিতাস গ্যাসঃ ব্যবস্থাপক, তিতাস গ্যাস সভায় জানান, তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি. এর পরিকল্পনা ও অপারেশন ডিভিশনের সূত্রে জানা যায় যে, কোম্পানীতে গ্যাসের প্রকৃত চাহিদার ২৩৪৬ MMCED (Million Cubic Feet per Day) এর বিপরীতে সরবরাহ ১৮০০ MMCFD প্রকৃত ৫০৮৪ MMCTD পাওয়ার গ্রীড ও অর্থনৈতিক অঞ্চলের জন্য আগামী ৩ হতে ৫ বছরের মধ্যে প্রায় ১২৭৭ MMCD গ্যাসের প্রয়োজন হবে। তাছাড়া মুন্সীগঞ্জ এলাকা গ্যাস পাইপ লাইন নেটওয়ার্কের শেষ প্রান্তে অবস্থিত থাকায় জাতীয় গ্রীডে এলএনজি সংযুক্ত হওয়ার পর কিছুটা উন্নতি হয়েছে। গ্যাস উত্তোলন ও এলএনজি সরবরাহ পুরোমাত্রায় শুরু হলে আশা করা যায় মুন্সীগঞ্জ অঞ্চলে গ্যাসের সরবরাহ ও চাপ উন্নতি হবে। মুন্সীগঞ্জ এলাকার শিল্প-২২ টি, ক্যাপটিভ পাওয়ার-১১ টি বানিজ্যিক-২৯ টি, আবাসিক মিটারযুক্ত-৪৪ টি এবং আবাসিক মিটার বিহীন-১৩৭১৬ টি বৈধ চালু গ্রাহকের গ্যাস সংযোগ রয়েছে। এছাড়াও তিনি জানান, চাহিদার তুলনায় গ্যাসের সরবরাহ কম থাকায় ১৩ জানুয়ারি থেকে ২৩ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত গ্যাসের চাপ কম থাকবে। সভাপতি গ্যাসের সরবরাহ স্বাভাবিক রাখার জন্য অনুরোধ জানান। এছাড়াও অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | ১। আবাসিক এলাকায় নিরবিচ্ছিন্ন গ্যাস সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ম্যানেজার তিতাস গ্যাস, মুন্সীগঞ্জ |
| ৬০ | টেলিকম(বিটিসিএল): সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, মুন্সীগঞ্জ জানান, ডিসেম্বর ২০২১ মাসে নতুন সংযোগ প্রদান ৪ টি, ড্রপওয়্যার সংযোগ প্রদান ২০০ মিঃ, Asymmetric Digital Subscriber Line ইন্টারনেট সংযোগ প্রদান ২ টি । এছাড়া বিভিন্ন ক্যাবল লাইন ক্ষতিগ্রস্থ হওয়ায় তা মেরামত করা হয়। সকল সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। সভাপতি নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ১। নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী ব্যবস্থাপক টেলিকম (বিটিসিএল) মুন্সীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ৬১ | জেলা শিল্পকলা একাডেমীঃ জেলা কালচারাল অফিসার, মুন্সীগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। | ১। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | জেলা কালচারাল অফিসার, মুন্সীগঞ্জ |
| ৬২ | জেলা নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ: জেলা নিরাপদ খাদ্য অফিসার, মুন্সীগঞ্জ সভায় অনুপস্থিত ছিলেন। সভাপতি খাদ্যে ভেজাল মিশ্রণের ব্যাপারে সর্তক থাকার জন্য অনুরোধ করেন এবং হোটেল রেস্টুরেন্টসমূহ পরিদর্শন বাড়ানোসহ প্রযোজ্য ক্ষেত্রে নিরাপদ খাদ্য আইন ২০১৩ প্রয়োগের নির্দেশনা প্রদান করেন। | ১। হোটেল রেস্টুরেন্ট এ অভিযান অব্যাহত রাখতে হবে। | জেলা নিরাপদ খাদ্য অফিসার, মুন্সীগঞ্জ |
| ৬৩ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জঃ প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব) বলেন, জেলা পর্যায়ের অফিস সমূহ হালনাগাদকরণে সহযোগিতা করা হয়। গত মাসে অনুষ্ঠিত ০২ টি ভিডিও কনফারেন্সে কারিগরি সহযোগিতা প্রদান করা হয়েছে। ৩টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল স্কুল অব ফিউচার স্থাপন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক চুক্তিনামা স্বাক্ষর করে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। ৪০ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের জন্য চুক্তিনামা স্বাক্ষরের কার্যক্রম চলমান। স্বাক্ষর কার্যক্রম সম্পন্ন হলে প্রকল্প দপ্তরে প্রেরণ করা হবে। এছাড়াও ২৫ জনের টিকা সনদের তথ্য সংশোধন করা হয়েছে। | ১। জেলা পর্যায়ের অফিস সমূহের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।<br>২। শেখ রাসেল স্কুল অব ফিউচার স্থাপনের তথ্যাদি প্রেরণ করতে হবে।<br>৩। জেলা পর্যায়ে ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, মুন্সীগঞ্জ |
| ৬৪ | ডিজিটাল প্রযুক্তির সার্বজনীন ব্যবহারঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডিজিটাল বাংলাদেশ-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে সারা দেশব্যাপী গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা এ জেলায় বজায় রাখা হয়েছে। এছাড়া ডিজিটাল প্রযুক্তি খাতকে সেবা নির্ভর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে হবে। জ্ঞানভিত্তিক ডিজিটাল সমাজ প্রতিষ্ঠায় ডিজিটাল প্রযুক্তি এবং তরুণ জনগোষ্ঠীর মধ্যে সেতুবন্ধন স্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে কার্যকর কর্মসূচি গ্রহণ করতে অনুরোধ করা হয়। সভাপতি বলেন জেলার সকল সরকারি দপ্তরে ই-নথির ব্যবহার বৃদ্ধি করতে হবে। | ১। দপ্তর প্রধানগণ ই-নথির মাধ্যমে কার্যক্রম পরিচালনা করবেন।<br>২। স্ব স্ব বিভাগের ওয়েবসাইট হালনাগাদ করবেন। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মুন্সীগঞ্জ<br>২। সকল দপ্তর প্রধান, মুন্সীগঞ্জ |
| ৬৫ | মুজিববর্ষ উদযাপনঃ মুন্সীগঞ্জ জেলায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কেন্দ্রীয় কর্মসূচি এবং স্ব স্ব মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সকলকে অনুরোধ করা হয়। মুজিববর্ষ উপলক্ষ্যে এ জেলায় ৮৩৩ টি ঘর নির্মাণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। নির্মাণ কাজ চলমান। মুজিববর্ষ উপলক্ষে সকল বিভাগের গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য সভায় অনুরোধ করা হয়। | ১। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে সরকারি নির্দেশনা অনুযায়ী সকলকে একসাথে কাজ করতে হবে।<br>২। মুজিববর্ষ উপলক্ষ্যে এ জেলার সকল দপ্তরের গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে যথাসময়ে প্রেরণ করতে হবে। | ১। সকল দপ্তর প্রধান, জেলা ও উপজেলা পর্যায় এবং সংশ্লিষ্ট সকল শ্রেণী পেশার ব্যক্তিবর্গ<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ |

০২. সভাপতি স্বাস্থ্য-বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা ও সরকারের উন্নয়নমূলক কার্যক্রমের গতি বৃদ্ধি করার অনুরোধ জানান। এছাড়াও তিনি নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন।

ক) সকল দপ্তরের কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পাদন করতে হবে।

খ) সকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।

গ) স্ব স্ব দপ্তর প্রধান সঠিক ও নির্ভুলভাবে পত্রাদি/কার্যবিবরণী প্রেরণ করা নিশ্চিত করবেন।

০৩. পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫।১।২২

কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ফোনঃ ৭৬১১১০০
e-mail: dcmunshiganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৫৯০০.২০৪.১১.০০১.১৯- ৪৫ (৯০)

তারিখ: ১২ মাঘ ১৪২৮
২৫ জানুয়ারি ২০২২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। .............................................................................,মুন্সীগঞ্জ
২। অফিস কপি

25.01.2022

মোঃ আব্দুল কাদির মিয়া
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ
ও
সদস্য-সচিব
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ফোনঃ ০২-৭৬১১১০২
e-mail: adcgeneralmunshiganj@gmail.com